# এনডিপি বার্তা

NDP

অক্টোবর-ডিসেম্বর, ২০২৩ । সংখ্যা ৩৮ । বর্ষ ১৫


## সূচিপত্র


- এসইআইপি প্রকল্পের ‘কেয়ারগিভিং প্রশিক্ষণের’ সার্টিফিকেট বিতরণ ১
- সিরাজগঞ্জে ৩৩ তম আন্তর্জাতিক প্রবীণ দিবস উদযাপন
- এমফোরসি প্রকল্পের দিনব্যাপি ওয়ার্কশপ
- সিরাজগঞ্জে আন্তর্জাতিক দুর্যোগ প্রশমন দিবস উদযাপন ২
- আন্তর্জাতিক দুর্নীতি বিরাধী প্রতিরোধ দিবসে এনডিপি’র অংশগ্রহণ
- আইসিভিজিডি প্রকল্পের ‘উদ্যোক্তা উন্নয়ন প্রশিক্ষক প্রশিক্ষণ’
- সিরাজগঞ্জে ৩২তম আন্তর্জাতিক ও ২৫ তম জাতীয় প্রতিবন্ধী দিবস উদ্যাপন ৩
- এসইপি (তাঁত) প্রকল্পের উদ্যোগে মিনি ইটিপি স্থাপন
- অক্টোবর-ডিসেম্বর ২০২৩ খ্রিষ্টাব্দ সময়ের মধ্যে যেসব প্রকল্প শুরু হয়েছে
- অক্টোবর-ডিসেম্বর ২০২৩ খ্রিষ্টাব্দ সময়ের মধ্যে যেসব প্রকল্প শেষ হয়েছে ৪
- রেইজ প্রকল্পে ব্যবসা ব্যবস্থাপনা ও উদ্যোগ উন্নয়ন প্রশিক্ষণ
- সিআরইএ প্রকল্পের ‘উপজেলা নারী ও শিশু নির্যাতন প্রতিরোধ কমিটির ষান্মাসিক সভা’
- জেন্ডার এন্ড রাইটস্ কর্মসূচির উপজেলা আইন সহায়তা কমিটির সভা ৫
- নাটোরে সমৃদ্ধি কর্মসূচি’র জাতীয় যুব দিবস-২০২৩
- বাংলাদেশে গরু ছাগলের নিরাপদ মাংসের ব্র্যান্ড সৃষ্টি কর্মসূচির সমবায় সমিতির চেক হস্তান্তর
- এক নজরে ঋণ সহায়তা কর্মসূচির অগ্রগতি ৬
- ইসিসিসিপি-ফ্লাড প্রকল্পের কার্যক্রম পরিদর্শন
- এনডিপি ও সিটি ব্যাংকের যৌথ উদ্যোগে কৃষি উপকরণ প্রদান
- আলোকিত গ্রাম কর্মসূচি’র উদ্যোগে শীতার্তদের কম্বল উপহার ৭
- শিশু সৈকতের অপারেশনের ব্যবস্থা করলেন এনডিপির নির্বাহী পরিচালক
- সিরাজগঞ্জ জেলা প্রাণি সম্পদ কর্মকর্তাকে ফুলেল শুভেচ্ছা
- আশা প্রকল্পের উদ্যোগে বিশ্ব শিক্ষক দিবস উদযাপন ৮
- এসইপি-ডেইরী প্রকল্পের সমাপনী কর্মশালা
- ইআরসিসিপি প্রকল্পের ক্ষুদ্র ব্যবসা ব্যবস্থাপনা প্রশিক্ষণ
- আরএমটিপি-মৎস্য প্রকল্পের "মাছের ডাক্তার" উন্নয়ন বিষয়ক প্রশিক্ষণ ৯
- ইআরসিসি প্রকল্পের উদ্যোগে এ্যাডভকেসি কর্মশালা
- সিরাজগঞ্জে বিশ্ব খাদ্য দিবস ২০২৩ উদযাপন
- লাইভস্টক রিস্ক মিটিগেশন প্রোগ্রামের ভ্যাক্সিনেশন ক্যাম্প ১০
- কুড়িগ্রামে ব্রাজ প্রকল্পের কার্যক্রম পরিদর্শন
- মা ও শিশু সহায়তা কর্মসূচির রিসোর্সপুল সদস্যদের প্রশিক্ষণ
- পাবনায় সমৃদ্ধি কর্মসূচি’র ছানি অপারেশন ক্যাম্প ১১
- এমআরএ কর্তৃক এনডিপি’র কর্মকর্তাদের প্রশিক্ষণ প্রদান ১২


## সম্পাদনা পরিষদ


**সম্পাদক ঃ**
মোঃ আলাউদ্দিন খান
নির্বাহী পরিচালক

**প্রণয়নে ঃ**
মোঃ আতিকুর রহমান
ব্যবস্থাপক (রিসার্চ এন্ড ডকুমেন্টেশন)
মোঃ জানাফার ইসলাম
সহকারী ব্যবস্থাপক (রিসার্চ এন্ড ডকুমেন্টেশন)

**প্রকাশনায় ঃ**
রিসার্চ এন্ড ডকুমেন্টেশন বিভাগ
ন্যাশনাল ডেভেলপমেন্ট প্রোগ্রাম (এনডিপি)


## এসইআইপি প্রকল্পের ‘কেয়ারগিভিং প্রশিক্ষণের’ সার্টিফিকেট বিতরণ




প্রশিক্ষণ সনদ তুলে দিচ্ছেন এনডিপি’র নির্বাহী পরিচালক মো. আলাউদ্দিন খান

জাতীয় দক্ষতা উন্নয়ন কর্তৃপক্ষ (NSDA) সংস্কৃষ্ট (Affiliated) সংস্থা হিসেবে এনডিপি টেকনিক্যাল ইনস্টিটিউট এর অধীনে ৩ মাস মেয়াদী কেয়ারগিভিং প্রশিক্ষণ কোর্স সম্পন্নকারীদের সার্টিফিকেট বিতরণ করা হয়েছে। ২২ নভেম্বর ২০২৩, আনুষ্ঠানিকভাবে প্রশিক্ষণার্থীদের মাঝে সার্টিফিকেট তুলে দেন এনডিপি’র প্রতিষ্ঠাতা ও নির্বাহী পরিচালক মো. আলাউদ্দিন খান। এসময় তিনি বলেন বর্তমানে দেশে এবং বিদেশে এ কাজের বিশাল সুযোগ সৃষ্টি হয়েছে। তবে বিদেশে কাজের ক্ষেত্রে অবশ্যই ভাষাগত দক্ষতা থাকতে হবে। এজন্য প্রশিক্ষণের পাশাপাশি ভাষাগত দক্ষতা অর্জন করাও অধিক গুরুত্বপূর্ণ বলে তিনি উল্লেখ করেন। এছাড়াও তিনি পেশাদারিত্বের সাথে প্রশিক্ষণ লব্ধ জ্ঞান কাজে লাগানোর জন্য প্রশিক্ষণার্থীদের প্রতি আহবান জানান। একইসাথে নৈতিক ও মানবিক মূল্যবোধ বজায় রেখে সর্বদা কাজ করার জন্য প্রশিক্ষণার্থীদের নির্দেশনা প্রদান করেন।

অনুষ্ঠানে স্বাগত বক্তব্য প্রদান করেন এনডিপি’র পরিচালক (কর্মসূচি) মোহা. শাহ্ আজাদ ইকবাল। এসময় তিনি বলেন Asian Development Bank (ADB) ও Swiss Agency for Development and Cooperation (SDC) এর অর্থায়নে পল্লী কর্ম-সহায়ক ফাউন্ডেশন (পিকেএসএফ) এর মাধ্যমে পরিচালিত Skills for Employment Investment Program (SEIP) প্রকল্পের আওতায় দুই ব্যাচে মোট ৪০ জন প্রশিক্ষণার্থীকে কোন প্রকার ফি ছাড়া প্রশিক্ষণ প্রদান করা হয়। যার মোট প্রশিক্ষণার্থীর মধ্যে প্রায় ৯০ ভাগ শিক্ষার্থী নারী।

প্রশিক্ষণার্থীর প্রত্যেককে ৩ মাস মেয়াদী প্রশিক্ষণের পাশাপাশি ১৫দিন ইন্টার্নশিপের ব্যবস্থা করা হয় এবং শুধুমাত্র জাতীয় দক্ষতা উন্নয়ন কর্তৃপক্ষ কর্তৃক গৃহীত পরীক্ষার মাধ্যমে উত্তীর্ণ ৩৬ জনকে সার্টিফিকেট ও ৫০০০ (পাঁচ হাজার) টাকা সমমূল্যের মেডিকেল টুলকিট বক্স প্রদান করা হয়।

প্রসঙ্গত ইতোমধ্যেই ১৩ জন কোর্স সম্পন্নকারীদের চাকুরীর ব্যবস্থা করা হয়েছে। পাশাপাশি ২ জন প্রশিক্ষণার্থী সম্পূর্ণ সরকারীভাবে জাপানে চাকুরীর উদ্দেশ্যে জাপানী ভাষা শিক্ষা গ্রহণ করছেন। এছাড়াও অনুষ্ঠানে এনডিপি-টেকনিক্যাল ইনস্টিটিউট এর অধ্যক্ষ মো. তোজাম্মেল হক, আরএমটিপি প্রকল্প ব্যবস্থাপক মো. মাসুদ মন্ডলসহ এনডিপি টেকনিক্যাল ইনস্টিটিউট এর অন্যান্য কর্মকর্তাবৃন্দ উপস্থিত ছিলেন।

এরপূর্বে জুন ২০২৩ থেকে এনডিপি টেকনিক্যাল ইনস্টিটিউট এর অধীনে ৩ মাস মেয়াদী কেয়ারগিভিং প্রশিক্ষণ কোর্স আনুষ্ঠানিকভাবে প্রশিক্ষণ প্রদান শুরু করে।

এনডিপি বার্তা
অক্টোবর-ডিসেম্বর, ২০২৩। সংখ্যা ৩৮। বর্ষ ১৫

## সিরাজগঞ্জে ৩৩ তম আন্তর্জাতিক প্রবীণ দিবস উদযাপন




আয়োজিত র‌্যালিতে উপস্থিত আছেন সিরাজগঞ্জ জেলার সম্মানিত জেলা প্রশাসক ও এনডিপি'র নির্বাহী পরিচালক

জাতীয় পর্যায়ের বেসরকারী উন্নয়ন সংস্থা ন্যাশনাল ডেভেলপমেন্ট প্রোগ্রাম (এনডিপি) এর প্রবীণ কল্যাণ কর্মসূচি এবং জেলা প্রশাসন ও জেলা সমাজসেবা কার্যালয়ের যৌথ আয়োজনে ৩৩ তম আন্তর্জাতিক প্রবীণ দিবস উদযাপন করা হয়। ০১ অক্টোবর, ২০২৩ "সর্বজনীন মানবাধিকার ঘোষণায় ব্যক্ত অঙ্গীকার অনুযায়ী প্রবীণ ব্যক্তির অধিকার সুরক্ষা প্রজন্ম থেকে দায়বদ্ধতা" প্রতিপাদ্য বিষয় নিয়ে এবারের ৩৩ তম আন্তর্জাতিক প্রবীণ দিবস উদযাপন করা হয়। দিবসটি উপলক্ষ্যে শোভাযাত্রা ও আলোচনা সভার আয়োজন করা হয়।

সিরাজগঞ্জ জেলা প্রশাসন কার্যালয়ে শহীদ এ.কে. শামসুদ্দিন সম্মেলন কক্ষে আয়োজিত আলোচনা সভায় প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন সিরাজগঞ্জ জেলার সম্মানিত জেলা প্রশাসক মীর মোহাম্মদ মাহবুবুর রহমান। এতে সিরাজগঞ্জ জেলা সমাজসেবা কার্যালয় এর সহকারী পরিচালক মুহাম্মদ মতিয়ার রহমান এর সভাপতিত্বে বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন অতিরিক্ত জেলা প্রশাসক (সার্বিক) গণপতি রায় ও এনডিপি'র নির্বাহী পরিচালক মোঃ আলাউদ্দিন খান। এনডিপি বাস্তবায়িত প্রবীণ কল্যাণ কর্মসূচির সকল সদস্যদের সক্রিয় অংশগ্রহণের মাধ্যমে দিবসটি যথাযথ ভাবে পালিত হয়। আলোচনা শেষে প্রবীণদের চাহিদা মোতাবেক খেলাধুলার আয়োজন করা হয়। খেলাধুলায় অংশগ্রহণকারীদের মধ্য থেকে ১ম, ২য় ও ৩য় স্থান অধিকারীদের মাঝে পুরস্কার প্রদান করা হয়। এসময় প্রবীণগণ এ ধরনের অনুষ্ঠান নিয়মিতভাবে আয়োজনের জন্য সরকারী সকল কর্মকর্তাদের দৃষ্টি কামনা করেন। অনুষ্ঠান সফল করার জন্য সার্বিক সহযোগিতা করেন এনডিপি প্রবীণ কল্যাণ কর্মসূচির প্রোগ্রাম অফিসার সুরেশ চন্দ্র পাল ও প্রতিবন্ধিতা ও শিক্ষা কর্মসূচির উপব্যবস্থাপক শিপন চন্দ্র নাগ। এছাড়া সাংবাদিক ও সুশীল সমাজের গন্যমান্য ব্যক্তিবর্গ উপস্থিত ছিলেন।

## এমফোরসি প্রকল্পের দিনব্যাপি এ্যাডভোকেসি ওয়ার্কশপ

সুইচ ডেভেলপমেন্ট কো-অপারেশন (এসডিসি) এর অর্থায়নে পরিচালিত মেকিং মার্কেটস ফর দি চরস (এমফোরসি) প্রকল্পের আওতায় ``Financial Service in the Char Context: Investors take on a sustainable Transformation'' শীর্ষক দিনব্যাপি কর্মশালা অনুষ্ঠিত হয়েছে। ০২ ডিসেম্বর ২০২৩, ঢাকাস্থ মিন্টু রোডে অবস্থিত হোটেল শেরাটনে এ আয়োজন করা হয়। অনুষ্ঠানে স্থানীয় সরকার মন্ত্রণালয়ের সিনিয়র সচিব মোছাম্মদ হামিদা বেগম এর সভাপতিত্বে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন পল্লী কর্ম-সহায়ক ফাউন্ডেশন (পিকেএসএফ) এর ব্যবস্থাপনা পরিচালক ড. নমিতা হালদার, এনডিসি। মূলত চরাঞ্চলের প্রান্তিক কৃষকদের আর্থিক সক্ষমতা বৃদ্ধির লক্ষ্যে বিভিন্ন আর্থিক প্রতিষ্ঠানের মাধ্যমে বিনিয়োগ বৃদ্ধির জন্য এ আয়োজন করা হয়।

প্যানেল ডিসকাশনে সম্মানিত প্যানেলিষ্ট হিসেবে উপস্থিত ছিলেন এমফোরসি প্রকল্প বাস্তবায়নকারী সংস্থা ন্যাশনাল ডেভেলপমেন্ট প্রোগ্রাম (এনডিপি) এর প্রতিষ্ঠাতা ও নির্বাহী পরিচালক মো. আলাউদ্দিন খান। এসময় তিনি আগামী দিনে চরের পরিবর্তনে নতুন নতুন খাতে বিনিয়োগের ধারনা ও প্রয়োজনীয়তা তুলে ধরেন।




বক্তব্য দিচ্ছেন এনডিপি'র নির্বাহী পরিচালক মো. আলাউদ্দিন খান

অনুষ্ঠানে পল্লী উন্নয়ন একাডেমি এর ব্যবস্থাপনা পরিচালক ডঃ আঃ মজিদ প্রামানিক, প্রকল্প পরিচালক (এমফোরসি) মজিবুল হক সেজান, এ্যামব্যাসি আব সুইজারল্যান্ড - বাংলাদেশ এর সিনিয়র প্রোগ্রাম অফিসার ড. সৈয়দা জিনিয়া রশিদসহ ইউনাইটেড কমার্শিয়াল ব্যাংক, ব্র্যাক ব্যাংক এর মত ২০ টির অধিক আর্থিক সেবা দানকারী প্রতিষ্ঠানের প্রতিনিধিবৃন্দ উপস্থিত ছিলেন।

## সিরাজগঞ্জে আন্তর্জাতিক দূর্যোগ প্রশমন দিবস উদযাপন




র‌্যালিতে উপস্থিত আছেন সিরাজগঞ্জ জেলার অতিরিক্ত জেলা প্রশাসক (সার্বিক) গনপতি রায়সহ অন্যান্য অতিথিবৃন্দ

সিরাজগঞ্জ জেলা প্রশাসন ও দূর্যোগ ব্যবস্থাপনা অধিদপ্তরের আয়োজনে বেসরকারী উন্নয়ন সংস্থা ন্যাশনাল ডেভেলপমেন্ট প্রোগ্রাম (এনডিপি) এর সহযোগিতায় আন্তর্জাতিক দূর্যোগ প্রশমন দিবস-২০২৩ উদ্‌যাপিত হয়েছে। ১৩ অক্টোবর, দিবসটি উপলক্ষ্যে বিকাল ৩ ঘটিকায় জেলা প্রশাসকের কার্যালয় হতে বর্ণাঢ্য র‌্যালির আয়োজন করা হয়। একইসাথে "অসমতার বিরুদ্ধে লড়াই করি, দূর্যোগ সহনশীল ভবিষৎ গড়ি" প্রতিপাদ্য বিষয় নিয়ে শহীদ এ.কে. শামসুদ্দিন সম্মেলন কক্ষে আলোচনা সভার আয়োজন করা হয়। আলোচনা সভায় প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন সিরাজগঞ্জ জেলার অতিরিক্ত জেলা প্রশাসক (সার্বিক) গনপতি রায়। বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন সিরাজগঞ্জ জেলা আওয়ামী লীগ এর সাধারণ সম্পাদক মোঃ আব্দুস সামাদ তালুকদার, সহকারী পুলিশ সুপার মোঃ রাফিউল রহমান, সিরাজগঞ্জ সদর উপজেলা পরিষদের সম্মানিত চেয়ারম্যান মোঃ রিয়াজ উদ্দিন ও বীর মুক্তিযোদ্ধা এ্যাডভোকেট বিমল চন্দ্র দাস।

অতিথিবৃন্দের পাশাপাশি আলোচনা সভায় বক্তব্য রাখেন বীর মুক্তিযোদ্ধা ফজলুল করিম মুক্তা, এমএমএস এর সমন্বয়কারী মোঃ মিজানুর রহমান, ব্র্যাকের জেলা সমন্বয়কারী মোঃ রইজ উদ্দিন প্রমূখ। অনুষ্ঠান পরিচালনা করেন সিরাজগঞ্জ জেলার ত্রাণ ও পূর্ণবাসন কর্মকর্তা আকক্তারুজ্জামান।

সভায় অতিথিবৃন্দ উল্লেখ করেন, এখন দূর্যোগের পূর্বাভাস ৭/১০ দিন পূর্বে আবহওয়া অফিস কতৃক পাওয়া যায়। এক্ষেত্রে দূর্যোগের পূর্ব প্রস্তুতি গ্রহণের মাধ্যমে দূর্যোগ ঝুঁকি হ্রাস করা সম্ভব এবং এসময় সরকারের পাশাপাশি বিভিন্ন উন্নয়ন সহযোগী সংস্থাগুলো এগিয়ে আসার জন্য আশাবাদ ব্যক্ত করেন।

## আন্তর্জাতিক দূর্নীতি প্রতিরোধ দিবসে এনডিপি'র অংশগ্রহণ

"উন্নয়ন, শান্তি ও নিরাপত্তার লক্ষ্যে দূর্নীতির বিরুদ্ধে আমরা ঐক্য বদ্ধ" প্রতিপাদ্য বিষয় নিয়ে সিরাজগঞ্জ জেলা প্রশাসক, দূর্নীতি দমন কমিশন এবং জেলা দূর্নীতি প্রতিরোধ কমিটির আয়োজনে সিরাজগঞ্জে আন্তর্জাতিক দূর্নীতি বিরাধী প্রতিরোধ দিবস উদযাপন করা হয়। ৯ ডিসেম্বর ২০২৩, ন্যাশনাল ডেভেলপমেন্ট প্রোগ্রাম (এনডিপি) ও মানবাধিকার সংস্কৃতি ফাউন্ডেশন (এমএসএফ) কর্তৃক বাস্তবায়িত ডিএইচআরএনএস প্রকল্পের সহযোগিতায় সিরাজগঞ্জ শহরের মুজিব সড়কে মানববন্ধন ও আলোচনা সভা অনুষ্ঠিত হয়। এতে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন সিরাজগঞ্জ জেলার সুযোগ্য জেলা প্রশাসক ও জেলা ম্যাজিস্ট্রেট মীর মোহাম্মদ মাহবুবুর রহমান ।



বক্তব্য দিচ্ছেন সিরাজগঞ্জ জেলার সুযোগ্য জেলা প্রশাসক ও জেলা ম্যাজিস্ট্রেট মীর মোহাম্মদ মাহবুবুর রহমান

অনুষ্ঠানে বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন অতিরিক্ত পুলিশ সুপার সিরাজগঞ্জ সার্কেল, মোঃ রেজওয়ানুল ইসলাম, সহকারী পরিচালক দুদক (সমন্বিত জেলা কার্যালয়, পাবনা) আশরাফুল ইসলাম, উপজেলা নির্বাহী অফিসার (সিরাজগঞ্জ সদর) মোঃ মনোয়ার হোসেন, এনডিপি'র পরিচালক (ঋণ সহায়তা কর্মসূচি) মোসেলম উদ্দিন আহমেদ এবং দৈনিক সিরাজগঞ্জ প্রতিদিন পত্রিকার নির্বাহী সম্পাদক মোঃ ইসমাইল হোসেন।

আলোচনা সভায় স্বাগত বক্তব্য প্রদান করেন অতিরিক্ত জেলা প্রশাসক (সার্বিক) গনপতি রায়। অনুষ্ঠানটি পরিচালনা করেন সিরাজগঞ্জ জেলা দূর্নীতি প্রতিরোধ কমিটি এর সাধারণ সম্পাদক মোঃ আইয়ুব আলী। সভায় সভাপতিত্ব করেন সিরাজগঞ্জ জেলা দূর্নীতি প্রতিরোধ কমিটির সভাপতি বীর মুক্তিযোদ্ধা গাজী ফজলুল মতিন মুক্তা। দিবসটি যথাযথ ভাবে বাস্তবায়ন করার জন্য সার্বিক ভাবে সহযোগিতা করেছেন এনডিপির উপপরিচালক (এমএন্ডই) এবং ডিএইচআরএনএস প্রকল্পের ফোকাল পারসন কাজী মাসুদুজ্জামান। অনুষ্ঠানে দূনীতি মুক্ত দেশ গড়ার প্রত্যয়ে ও অঙ্গিকারের মধ্য দিয়ে দিবসটির সমাপ্তি ঘোষণা করা হয়।

## আইসিভিজিডি প্রকল্পের 'উদ্যোক্তা উন্নয়ন প্রশিক্ষক প্রশিক্ষণ'



বক্তব্য দিচ্ছেন সিরাজগঞ্জ জেলা মহিলা বিষয়ক কার্যালয়ের উপপরিচালক কানিজ ফাতেমা

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের মহিলা বিষয়ক অধিদপ্তর কর্তৃক বাস্তবায়িত ইনভেস্টমেন্ট কম্পোনেন্ট ফর ভালনারেবল গ্রুপ ডেভেলপমেন্ট (আইসিভিজিডি) ২য় পর্যায় প্রকল্পের আওতায় উদ্যোক্তা উন্নয়ন প্রশিক্ষক প্রশিক্ষণের শুভ উদ্বোধন সম্পন্ন হয়েছে। প্রকল্প বাস্তবায়নকারী সংস্থা ন্যাশনাল ডেভেলপমেন্ট প্রোগ্রাম (এনডিপি) এর প্রধান কার্যালয়ে এ প্রশিক্ষণের আয়োজন করা হয়। ২-৪ ডিসেম্বর, ০৩ দিনব্যাপি প্রশিক্ষণের শুভ উদ্বোধন করেন কানিজ ফাতেমা, উপপরিচালক, মহিলা বিষয়ক অধিদপ্তর, সিরাজগঞ্জ। এসময় তিনি আইসিভিজিডি প্রকল্প গ্রহণের জন্য এনডিপিকে ধন্যবাদ জানান। একইসাথে প্রকল্পে অংশগ্রহণকারীদের মানসম্পন্ন প্রশিক্ষণ প্রদানে প্রশিক্ষকদের প্রতি আহবান জানান। মূলত মহিলা বিষয়ক অধিদপ্তর হতে প্রশিক্ষণ গ্রহণকারী এনডিপি'র দক্ষ কর্মকর্তাবৃন্দ মাঠ পর্যায়ে প্রশিক্ষণ প্রদানের লক্ষ্যে ৫৮ জন রিসোর্স পারসনদের উদ্যোক্তা উন্নয়ন বিষয়ক প্রশিক্ষণ প্রদান করবেন। পক্ষান্তরে রিসোর্স পারসনদের প্রশিক্ষণ গ্রহণ পরবর্তীতে তারা মাঠ পর্যায়ে প্রকল্পে অংশগ্রহণকারীদের উদ্যোক্তা হিসেবে গড়ে তুলতে প্রশিক্ষণ প্রদান করবেন। প্রশিক্ষণে প্রকল্প সম্পর্কিত বিভিন্ন তথ্য ও প্রশিক্ষণ প্রদানের ক্ষেত্রে সার্বিক নির্দেশনা প্রদান করেন এনডিপি'র পরিচালক (প্ল্যানিং এন্ড রিসোর্স মোবিলাইজেশন) ড. এবিএম সাজ্জাদ হোসেন। এসময় এনডিপি'র উপ-পরিচালক (মনিটরিং এন্ড ইভ্যালুয়েশন) কাজী মাসুদুজ্জামান উপস্থিত ছিলেন। উল্লেখ্য প্রকল্পটি রাজশাহী বিভাগের ৮টি জেলার ৮টি উপজেলার ৭৯টি ইউনিয়নে বাস্তবায়িত হচ্ছে।

## সিরাজগঞ্জে ৩২তম আন্তর্জাতিক ও ২৫ তম জাতীয় প্রতিবন্ধী দিবস উদ্‌যাপন

"প্রতিবন্ধী ব্যক্তিদের সাথে সম্মিলিত অংশগ্রহণ নিশ্চিত করবে এসডিজি অর্জন" প্রতিপাদ্য বিষয় নিয়ে সিরাজগঞ্জে ৩২তম আন্তর্জাতিক ও ২৫ তম জাতীয় প্রতিবন্ধী দিবস উদ্‌যাপন করা হয়। ০৩ ডিসেম্বর ২০২৩ দিবসটি উপলক্ষে র‌্যালী, আলোচনা ও সাংস্কৃতিক অনুষ্ঠানের আয়োজন করা হয়। সিরাজগঞ্জ জেলা সমাজসেবা কার্যালয়ের আয়োজনে অংশগ্রহণ করেন বেসরকারী সেচ্ছাসেবী সংস্থা এনডিপিসহ বিভিন্ন উন্নয়ন সংস্থা।


পুরস্কার বিতরণের অংশ বিশেষ

জেলা সমাজসেবা কার্যালয়ে আয়োজিত অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন সিরাজগঞ্জ জেলা সিভিল সার্জন ডাঃ রাম পদ রায়। বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন উপপরিচালক, যুব উন্নয়ন অধিদপ্তর, সিরাজগঞ্জ মোঃ শরীফুল ইসলাম। অনুষ্ঠানে সভাপতিত্ব করেন সিরাজগঞ্জ জেলা সমাজসেবা কার্যালয়ের উপপরিচালক মোঃ তৌহিদুল ইসলাম। অনুষ্ঠান পরিচালনা করেন সিরাজগঞ্জ সদর উপজেলা সমাজসেবা কর্মকর্তা মোঃ সোহেল রানা।

আলোচনা সভায় স্বাগত বক্তব্য প্রদান করেন সিরাজগঞ্জ জেলা সমাজসেবা কার্যালয়ের সহকারী পরিচালক মুহাম্মদ মতিয়ার রহমান। সভায় অতিথিবৃন্দের পাশাপাশি বক্তব্য রাখেন ব্র্যাক এর জেলা সমন্বয়ক মোঃ রইস উদ্দিন, সাইটসেভার্স এর জেলা সমন্বয়কারী তপন কুমার হালদার, বিএনএসবি চক্ষু হাসপাতালের প্রতিনিধি ইনক্লুশন অফিসার টি. এম. মাহমুদুল হাসান, সানক্রেড ওয়েলফেয়ার ফাউন্ডেশন এর প্রকল্প পরিচালক মোঃ শরিফুল ইসলাম খান ও এনডিপির প্রতিবন্ধিতা ও শিক্ষা কর্মসূচির উপব্যবস্থাপক শিপন চন্দ্র নাগ। আলোচনা সভায় প্রতিবন্ধীদের জীবন মান উন্নয়নে সরকারের পাশাপাশি সকল বেসরকারী প্রতিষ্ঠান গুলো এগিয়ে আসার জন্য প্রধান অতিথিসহ সকলে আহব্বান করেন। অনুষ্ঠান পরবর্তীতে অংশগ্রহণকারীদের মাঝে পুরস্কার বিতরণ করা হয়।

## এসইপি (তাঁত) প্রকল্পের উদ্যোগে মিনি ইটিপি স্থাপন



উদ্বোধনী সভায় বক্তব্য দিচ্ছেন বেলকুচি উপজেলা নির্বাহী কর্মকর্তা আফিয়া সুলতানা কেয়া

পল্লী কর্ম-সহায়ক ফাউন্ডেশন ( পিকেএসএফ) ও বিশ্বব্যাংক এর আর্থিক সহযোগিতায় বাস্তবায়িত সাসটেইনেবল এন্টারপ্রাইজ প্রজেক্ট (এসইপি)'র উপ-প্রকল্প ''সিরাজগঞ্জ জেলার তাঁত উদ্যোগে পরিবেশগত সমস্যাসমূহ বিবেচনায় রেখে গুণগত মানসম্পন্ন ঐতিহ্যবাহী বাঙ্গালী পোষাকের উৎপাদন বৃদ্ধি'' এর উদ্যোগে ৫,০০০ লিটার ধারন ক্ষমতা সম্পন্ন মিনি ইটিপি স্থাপন করা হয়েছে। সিরাজগঞ্জ জেলার বেলকুচি উপজেলার মুকন্দগাতী এলাকায় ইটিপি টি স্থাপন করা হয়।

০৯ নভেম্বর, ২০২৩ ইটিপি'র শুভ উদ্বোধন করেন বেলকুচি উপজেলা নির্বাহী কর্মকর্তা আফিয়া সুলতানা কেয়া। এসময় তিনি পরিবেশের ভারসম্য রক্ষায় এমন সময় উপযোগী উদ্যোগ গ্রহণ করার জন্য তরুন উদ্যোক্তা আশীষ কুমার চৌধুরীকে ধন্যবাদ জনান। একইসাথে ইটিপি বাস্তবায়নে সার্বিক সহযোগিতার জন্য প্রকল্প বাস্তবায়নকারী সংস্থা ন্যাশনাল ডেভেলপমেন্ট প্রোগ্রাম (এনডিপি) এর প্রতি কৃতজ্ঞতা প্রকাশ করেন। পাশাপাশি তিনি ইটিপি স্থাপনের ক্ষেত্রে সফটলোনে সার্ভিজ চার্জের মাত্রা কমিয়ে আনার জন্য কর্তৃপক্ষের দৃষ্টি আকর্ষণ করেন। প্রতিউত্তরে এনডিপি'র ঋণ সহায়তা কর্মসূচির পরিচালক ও প্রকল্প ফোকাল পারসন মোসলেম উদ্দিন আহমেদ বলেন, এসইপি প্রকল্পটির মাঠ পর্যায়ের কার্যক্রম আগামী মাসেই শেষ হয়ে যাবে, একইসাথে প্রকল্পটির ২য় পর্যায়ের কার্যক্রম অতি শীগ্রই শুরু হবে বলে তিনি উপস্থিত সকলকে অবগত করেন। পাশাপাশি প্রকল্পের আওতায় বাস্তবায়িত ইটিপিতে এনডিপি গ্রান্ড সাপোর্ট প্রদান করে থাকে বলে জানান এবং প্রকল্পের ২য় পর্যায় বাস্তবায়িত হলে গ্রান্ড সাপোর্ট বেশি মাত্রায় প্রদানের পরিকল্পনা ইতোমধ্যেই গ্রহণ করা হয়েছে বলে তিনি অবগত করেন।

অনুষ্ঠানে তাঁত বোর্ডের লিয়াজো অফিসার মোছা. তন্বি, স্থানীয় কাউন্সিলর, তাঁত সমিতির নেতৃবৃন্দ, স্থানীয় উদ্যোক্তা, প্রিন্ট ও ইলেকট্রনিক মিডিয়ার সদস্যবৃন্দ ও এনডিপি-এসইপি (তাঁত) প্রকল্পের কর্মকর্তাবৃন্দ উপস্থিত ছিলেন।

প্রসঙ্গত ব্যবসাগুচ্ছ-ভিত্তিক ক্ষুদ্র উদ্যোগে পরিবেশের স্থায়ী ইতিবাচক পরিবর্তনের মাধ্যমে ক্ষুদ্র উদ্যোগের টেকসই উন্নয়ন নিশ্চিত করতে গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের সহায়তায় বিশ্বব্যাংকের অর্থায়নে ''সাসটেইনেবল এন্টারপ্রাইজ প্রজেক্ট (এসইপি)'' বাস্তবায়ন করছে। প্রকল্পটির মূল উদ্দেশ্য হলো, ব্যবসাগুচ্ছ ভিত্তিক ক্ষুদ্র উদ্যোগগুলিতে পরিবেশসম্মত টেকসই চর্চা বৃদ্ধি করার জন্য উপযুক্ত প্রযুক্তির প্রচলন, বিপণন সামর্থ্য বৃদ্ধি ও সাধারণ ব্র্যান্ড তৈরিতে সহযোগিতার মাধ্যমে উদ্যোক্তাদের সক্ষমতা বৃদ্ধি করা।

## অক্টোবর-ডিসেম্বর ২০২৩ খ্রিষ্টাব্দ সময়ের মধ্যে যেসব প্রকল্প শুরু হয়েছে তার সংক্ষিপ্ত বিবরণ

| ক্রঃ নং | প্রকল্পের নাম | দাতা সংস্থার নাম | কর্ম এলাকা | সময়কাল | উদ্দেশ্য |
|---|---|---|---|---|---|
| ১. | Vulnerable Women Benefit (VWB) | বাংলাদেশ সরকারের মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রণালয় | সিরাজগঞ্জ জেলার সিরাজগঞ্জ সদর ও বেলকুচি উপজেলা | ০১ অক্টোবর ২০২৩ থেকে ৩১ ডিসেম্বর ২০২৪ | (১) স্ব-কর্মসংস্থানের জন্য বিভিন্ন IGA-এর উপর প্রশিক্ষণ প্রদান;<br>(২) সুবিধাভোগীদের নিজস্ব ব্যাংক অ্যাকাউন্ট এবং নিয়মিত সঞ্চয় খুলতে সহায়তা করা;<br>(৩) ঋণ সহায়তা পেতে সহায়তা প্রদান; এবং<br>(৪) আর্থ-সামাজিক ক্ষমতায়েন সহায়তাকারী প্রতিষ্ঠানের সাথে লিংকেজ স্থাপনে সহায়তা প্রদান করা। |
| ২. | Disaster Risk Reduction (DRR) | বিশ্ব খাদ্য কর্মসূচি | কুড়িগ্রাম জেলার কুড়িগ্রাম সদর, উলিপুর ও চিলমারী উপজেলা | ০১ ডিসেম্বর ২০২৩ থেকে ৩১ মার্চ ২০২৪ | (১) একটি সক্রিয় ডিআরআর কর্মসূচি বাস্তবায়নের মাধ্যমে কুড়িগ্রাম জেলার তিনটি উপজেলায় পদ্ধতিগতভাবে দুর্যোগ ঝুঁকি হ্রাস করা; এবং<br>(২) সরকারী এবং বেসরকারী উভয় স্টেকহোল্ডারদের সাথে অর্থপূর্ণ সম্পৃক্ততা সমন্বয় করা এবং কমিউনিটি রিস্ক অ্যাসেসমেন্ট (CRA) এর মাধ্যমে ঝুঁকি হ্রাস কর্ম পরিকল্পনা (RRAP) প্রস্তুত করার জন্য টেকসই, সম্প্রদায়-চালিত উদ্যোগ নিশ্চিত করা এবং স্থানীয় দুর্যোগ ব্যবস্থাপনা কমিটির সহায়তার মাধ্যমে RRAP-তে অগ্রাধিকার দেওয়া বিভিন্ন স্কিম বাস্তবায়নের মাধ্যমে অনুসরণ করা। । |
| ৩. | Shock Responsive Social Protection (SRSP) | বিশ্ব খাদ্য কর্মসূচি | সিরাজগঞ্জ জেলার শাহ্জাদপুর উপজেলা | ০১ জানুয়ারি ২০২৪ থেকে ৩১ ডিসেম্বর ২০২৪ | সমন্বিত ঝুঁকি ব্যবস্থাপনা (IRM) এবং স্থিতিস্থাপকতা তৈরির জন্য একটি শক-প্রতিক্রিয়াশীল সামাজিক সুরক্ষা (SRSP) পদ্ধতির মাধ্যমে উত্তর-পশ্চিম জেলাগুলির নদী সম্প্রদায়ের দীর্ঘস্থায়ী বন্যা-আক্রান্ত পরিবারের খাদ্য নিরাপত্তা উন্নত করা। |

## অক্টোবর-ডিসেম্বর ২০২৩ খ্রিষ্টাব্দ সময়ের মধ্যে যেসব প্রকল্প সম্পন্ন হয়েছে তার সংক্ষিপ্ত বিবরণ

| ক্রঃ নং | প্রকল্পের নাম | দাতা সংস্থার নাম | কর্ম এলাকা | সময়কাল | উদ্দেশ্য |
|---|---|---|---|---|---|
| ১. | Food security for households most affected by the COVID-19 crisis in at-risk low-income urban areas | বিশ্ব খাদ্য কর্মসূচি | ঢাকা জেলার উত্তর সিটি কর্পোরেশন | ১৫ মার্চ ২০২৩ থেকে ৩০ নভেম্বর ২০২৩ | প্রোগ্রামটির কৌশলগত উদ্দেশ্য হল উদ্ভাবনী প্রযুক্তির মাধ্যমে সামাজিক সুরক্ষা কর্মসূচি গ্রহণ, আওতা এবং এর প্রভাব বৃদ্ধি করা। প্রোগ্রামটি জীবনমান উন্নয়ন, স্বাস্থ্য এবং টেকসই উন্নয়ন লক্ষ্য (SDG)-২: শূন্য ক্ষুধা অর্জনের উন্নতির জন্য বাংলাদেশ সরকারের জাতীয় সামাজিক সুরক্ষা নীতি এবং কৌশলগুলিতে অবদান রাখা। কর্মসূচির মূল উদ্দেশ্য হলো খাদ্য নিরাপত্তা বৃদ্ধি, অপুষ্টি কমানো এবং নারী ও শিশুদের সুস্থতা বৃদ্ধি করা। |
| ২. | Sustainable access to safe Water and Strengthen Hygiene practices (S-WASH) | পেনি আপেল (ইউকে) | সিরাজগঞ্জ জেলার সদর উপজেলা | ০১ এপ্রিল ২০২৩ থেকে ৩০ সেপ্টেম্বর ২০২৩ | প্রকল্পের উদ্দেশ্য হল সুবিধাবঞ্চিত জনগোষ্ঠীর জন্য ৮০টি অগভীর নলকূপ স্থাপন করা, সুবিধাবঞ্চিত জনগোষ্ঠীর জন্য পর্যাপ্ত জ্ঞান ও আচরণ সহ মানুষকে নিরাপদ পানি এবং স্বাস্থ্যবিধি অনুশীলনের ব্যবস্থা করা এবং ওয়াশ সুবিধার টেকসইতা নিশ্চিত করা। |
| ৩. | Skills for Employment Investment Program (SEIP) | বাংলাদেশ সরকার ও পিকেএসএফ | সিরাজগঞ্জসহ মোট ০৬টি জেলার ০৬টি উপজেলা | ২৭ এপ্রিল ২০২৩ থেকে ৩১ ডিসেম্বর ২০২৩ | এই প্রকল্পের উদ্দেশ্য হল প্রশিক্ষিত স্নাতকদের দক্ষতা উন্নয়ন বৃদ্ধির জন্য এবং চাকরির বাজারে তাদের কর্মসংস্থানের উন্নতির জন্য বাজার-প্রতিক্রিয়াশীল, চাকরি-কেন্দ্রিক, অন্তর্ভুক্তিমূলক প্রশিক্ষণ প্রদান করা। |

NDP
এনডিপি বার্তা
অক্টোবর-ডিসেম্বর, ২০২৩ । সংখ্যা ৩৮ । বর্ষ ১৫

## রেইজ প্রকল্পে ব্যবসা ব্যবস্থাপনা ও উদ্যোগ উন্নয়ন প্রশিক্ষণ

পল্লী কর্ম-সহায়ক ফাউন্ডেশন (পিকেএসএফ) এর অর্থায়নে পরিচালিত "রিকভারি এন্ড এ্যাডভান্সমেন্ট অব ইনফরমাল সেক্টর ইমপ্লয়মেন্ট (রেইজ)" প্রকল্পের আওতায় ব্যবসা ব্যবস্থাপনা ও উদ্যোগ উন্নয়ন প্রশিক্ষণের আয়োজন করা হয়। কর্মসংস্থান সৃষ্টির মাধ্যমে দেশের দারিদ্র্য বিমোচন করার লক্ষ্যে পল্লী কর্ম-সহায়ক ফাউন্ডেশন (পিকেএসএফ) এর অর্থায়নে "রিকভারি এন্ড এ্যাডভান্সমেন্ট অব ইনফরমাল সেক্টর ইমপ্লয়মেন্ট (রেইজ)" প্রকল্পটি বাস্তবায়িত হচ্ছে।
প্রকল্পের ধারাবাহিকতায় শহর, উপ-শহরাঞ্চলের অনানুষ্ঠানিক খাতের উৎপাদনমুখী তরুণ ছোট উদ্যোক্তাদের ব্যবসায় ব্যবস্থাপনা ও উদ্যোগের সম্প্রসারণের নিমিত্তে এ খাতে ঋণ গ্রহীতাদের ২ মাস ব্যাপি প্রশিক্ষণের আয়োজন করা হয়। এনডিপি'র ঋণ সহায়তা কর্মসূচির মাছুমপুর শাখার প্রশিক্ষণ কেন্দ্রে আয়োজিত ৯৬ ঘন্টাব্যাপী এই প্রশিক্ষণের উদ্বোধন করেন এনডিপি'র নির্বাহী পরিচালক মো. আলাউদ্দিন খান। এসময় তিনি এনডিপি'র উন্নয়ন প্রকল্পের সাথে যুক্ত থেকে তরুণ উদ্যোক্তাদের সক্ষমতা বৃদ্ধির মাধ্যমে আরো উদ্যোমী হয়ে সফলতার সাথে এগিয়ে যাওয়ার কথা ব্যক্ত করেন। প্রশিক্ষণে বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন পল্লী কর্ম-সহায়ক ফাউন্ডেশন (পিকেএসএফ) এর রেইজ প্রকল্পের উপ-প্রকল্প সমন্বয়কারী এস.এম খালেদ মাহফুজ ও প্রোগ্রাম অফিসার মো. জহিরুল ইসলাম। অনুষ্ঠান সঞ্চালনা করেন এনডিপি রেইজ প্রকল্পের সমন্বয়কারী কৃষ্ণ দাস সাহা। ২ মাসব্যাপী এই প্রশিক্ষণে অংশ নিচ্ছেন এনডিপি'র সিরাজগঞ্জ সদর উপজেলার শহর এবং মাছুমপুর শাখার প্রকল্পভুক্ত ২০ জন তরুণ উদ্যোক্তা। পর্যায়ক্রমে সকলে এই প্রশিক্ষণের আওতায় আসবে।



বক্তব্য দিচ্ছেন এনডিপি'র নির্বাহী পরিচালক মো. আলাউদ্দিন খান

## সিআরইএ প্রকল্পের 'উপজেলা নারী ও শিশু নির্যাতন প্রতিরোধ কমিটির ষান্মাসিক সভা'




সভায় উপস্থিত আছেন বেলকুচি উপজেলা নির্বাহী অফিসার আফিয়া সুলতানা কেয়া

সুইডেন সরকারের অর্থায়নে এবং মানুষের জন্য ফাউন্ডেশনের সহযোগিতায় বাস্তবায়িত কমিউনিটি ভিত্তিক জলবায়ু সহনশীলতা ও নারীর ক্ষমতায়ন (সিআরইএ) প্রকল্পের ষান্মাসিক সভা অনুষ্ঠিত হয়েছে। প্রকল্প বাস্তবায়ন এলাকা সিরাজগঞ্জ জেলার বেলকুচি উপজেলার বড়ধূল এবং রাজাপুর ইউনিয়নের নারী ও শিশু নির্যাতন প্রতিরোধ কমিটির সদস্যবৃন্দ এতে অংশগ্রহণ করেন। ০৬ নভেম্বর ২০২৩, সিরাজগঞ্জ জেলার বেলকুচি উপজেলা পরিষদ সভা কক্ষে এ আয়োজন করা হয়। সভায় সভাপতিত্ব করেন বেলকুচি উপজেলা নির্বাহী অফিসার ও উপজেলা নারী ও শিশু নির্যাতন প্রতিরোধ কমিটির সভাপতি আফিয়া সুলতানা কেয়া। এসময় তিনি বলেন, নারী ও শিশু নির্যাতন প্রতিরোধে নারীর ক্ষমতায়ন ও নারী শিক্ষার গুরুত্ব অপরিসীম। একইসাথে কোন স্থানে নারী ও শিশু নির্যাতনের ঘটনা ঘটলে সে বিষয়ে তৎক্ষণাৎ যথাযথ কর্তৃপক্ষকে অবহিত করার জন্য সকলকে আহবান জানান। বিশেষ করে উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তাকে নারী ও শিশু নির্যাতন প্রতিরোধে গুরুত্বপূর্ণ ভূমিকা পালনের জন্য নির্দেশ প্রদান করেন। এছাড়াও সকলকে স্ব স্ব অবস্থান থেকে সচেতনতামূলক প্রচারনা অব্যাহত রাখার পরামর্শ প্রদান করেন। এনডিপি ও সিআরইএ প্রকল্পটির সফলতা কামনাসহ সার্বিক সহযোগিতার আশ্বাস প্রদান করেন। সভায় প্রকল্প কর্মকর্তা শারমিন আকতার স্বাগত বক্তব্যের মধ্যে দিয়ে সিআরইএ প্রকল্পের কার্যক্রম, উপজেলা নারী ও শিশু নির্যাতন প্রতিরোধ কমিটির প্রজ্ঞাপন সম্পর্কে পাওয়ার পয়েন্ট প্রেজেন্টেশন উপস্থাপন করেন প্রকল্প সমন্বয়কারী মোছা. আকতারী বেগম। প্রেজেন্টেশন পরবর্তীতে মুক্ত আলোচনায় অংশগ্রহণ করেন বেলকুচি উপজেলার সহকারী কমিশনার (ভূমি) শিবানী সরকার, উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা ও উপজেলা নারী ও শিশু নির্যাতন প্রতিরোধ কমিটির সদস্য সচিব হাসনাৎ জাহান ও বেলকুচি প্রেসক্লাব এর সভাপতি ও উপজেলা নারী ও শিশু নির্যাতন প্রতিরোধ কমিটির সদস্য আলহাজ্ব গাজী সাইদুর রহমান। এসময় উপজেলা নারী ও শিশু নির্যাতন প্রতিরোধ কমিটির সকল সদস্যবৃন্দ, কর্ম এলাকার নারীদল, পুরুষদল, যুবদল ও উপজেলা ক্লাইমেট এ্যাকশন গ্রুপের সদস্যবৃন্দসহ অত্র অঞ্চলের বিভিন্ন শ্রেণী পেশার মানুষ উপস্থিত ছিলেন।

## জেন্ডার এন্ড রাইটস্ কর্মসূচির উপজেলা আইন সহায়তা কমিটির সভা

বেসরকারী উন্নয়ন সংস্থা ন্যাশনাল ডেভেলপমেন্ট প্রোগ্রাম (এনডিপি) এর নিজস্ব অর্থায়নে পরিচালিত জেন্ডার এন্ড রাইটস কর্মসূচির সহযোগিতায় এবং কামারখন্দ উপজেলা প্রশাসনের আয়োজনে কামারখন্দ উপজেলা আইন সহায়তা কমিটির সভা অনুষ্ঠিত হয়েছে। ২৮ নভেম্বর ২০২৩ উপজেলা পরিষদ সভা কক্ষে আয়োজিত সভায় সভাপতিত্ব করেন কামারখন্দ উপজেলা পরিষদ চেয়ারম্যান ও উপজেলা আইন সহায়তা কমিটির সভাপতি এস.এম. শহিদুল্লাহ সরুজ। সভা পরিচালনা করেন উপজেলা নির্বাহী অফিসার এবং কমিটির সদস্য সচিব শাহীন সুলতানা। সভায় স্বাগত বক্তব্য প্রদান করেন কামারখন্দ থানার পরিদর্শক (তদন্ত) মোঃ সাজ্জাদুর রহমান। বিস্তারিত আলোচনা করেন এনডিপির জেন্ডার এন্ড রাইটস কর্মসূচির প্রোগ্রাম অফিসার সুরেশ চন্দ্র পাল, এনডিপির প্রতিবন্ধিতা ও শিক্ষা কর্মসূচির উপব্যবস্থাপক শিপন চন্দ্র নাগসহ অংশগ্রহণকারীবৃন্দ। আলোচনায় উপজেলার বিভিন্ন ঘটনা নিয়ে আলোকপাত হয়। এছাড়া এনডিপির জেন্ডার এন্ড রাইটস কর্মসূচি ও ডিফেন্ডিং হিউম্যান রাইটস নেটওয়ার্ক স্টেনদেনিং ( ডিএইচআরএনএস) প্রকল্পের কার্যক্রম নিয়ে বিস্তারিত আলোচনা হয়।




আলোচনা সভায় উপস্থিত আছেন উপজেলা পরিষদ চেয়ারম্যান ও উপজেলা নির্বাহী অফিসার

## নাটোরে সমৃদ্ধি কর্মসূচি'র জাতীয় যুব দিবস-২০২৩


যুব দিবসে আয়োজিত র‌্যালির অংশ বিশেষ

পল্লী কর্ম-সহায়ক ফাউন্ডেশন (পিকেএসএফ) এর অর্থায়নে ন্যাশনাল ডেভেলপমেন্ট প্রোগ্রাম (এনডিপি) কর্তৃক বাস্তবায়িত সমৃদ্ধি কর্মসূচির উদ্যোগে "জাতীয় যুব দিবস-২০২৩" উদযাপন করা হয়েছে। ০১ নভেম্বর, ২০২৩ নাটোর জেলার গুরুদাসপুর উপজেলার মশিন্দা ইউনিয়ন ও উপজেলা যুব উন্নয়ন কার্যালয় এর যৌথ উদ্যোগে এ আয়োজন করা হয়। দিবসটি কেন্দ্র করে গুরুদাসপুর উপজেলা চত্বর থেকে একটি বর্ণাঢ্য র‌্যালির আয়োজন করা হয় এবং র‌্যালি পরবর্তীতে আলোচনা অনুষ্ঠিত হয়। অনুষ্ঠানে গুরুদাসপুর উপজেলা নির্বাহী অফিসার শ্রাবনী রায় এর সভাপতিত্বে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন নাটোর-৪ আসনের মাননীয় সংসদ সদস্য (গুরুদাসপুর-বড়াইগ্রাম) আলহাজ্ব ডাঃ মোঃ সিদ্দিকুর রহমান পাটোয়ারী। বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন গুরুদাসপুর উপজেলা পরিষদ চেয়ারম্যান মোঃ আনোয়ার হোসেন, গুরুদাসপুর পৌরসভার মেয়র মোঃ শাহনেওয়াজ আলী, গুরুদাসপুর উপজেলা পরিষদ এর ভাইস চেয়ারম্যান মোঃ আলাল শেখ ও মহিলা ভাইস চেয়ারম্যান মোছাঃ রোকসানা আক্তার (লিপি)। এছাড়াও গুরুদাসপুর উপজেলা সহকারী কমিশনার (ভুমি) মো. মেহেদী হাসান শাকিল, কৃষি অফিসার মোঃ হারুন অর রশিদ, উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা মো. ফজলুর রহমান ও ৪ নং মশিন্দা ইউনিয়ন পরিষদ চেয়ারম্যান মোঃ আঃ বারী উপস্থিত ছিলেন। অনুষ্ঠানে স্বাগত বক্তব্য প্রদান করেন উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা মোঃ ফজলুর রহমান। তিনি বলেন "স্মার্ট যুব সমৃদ্ধ, দেশ, বঙ্গবন্ধুর বাংলাদেশ" এই প্রতিপাদ্যকে সামনে রেখে এ বছর (২০২৩) জাতীয় যুব দিবস পালিত হচ্ছে। তিনি যুব দিবসের ইতিহাস তুলে ধরে বলেন, '১৯৯৯ সালে জাতি সংঘের সাধারণ পরিষদে জাতীয় যুব দিবস ঘোষিত হয়। তখন এর লক্ষ্য ছিল সকল স্তরের সিদ্ধান্ত গ্রহণ প্রক্রিয়ায় যুবকদের সম্পৃক্ত করে উন্নিতকরণ করা। এছাড়াও শান্তি, অর্থনৈতিক গতিশিলতা, সামাজিক ন্যায়বিচার ভবিষ্যতের টেকসই উন্নয়নসহ যুবদের অধিকার আদায়ে সম্পৃক্ত করা। মূলত এই দিবস ছিল যুবদের অর্জন ও অধিকার আদায়ের সুযোগ সৃষ্টি করা। তিনি আরো বলেন বর্তমানে বাংলাদেশ সরকার যুবদের উন্নয়নে আর্থিক, মানবিক ও কারিগরি দিকসহ বিভিন্নভাবে সহযোগিতা দিয়ে আসছে। যা যুব উন্নয়নে গুরুত্বপূর্ন ভুমিকা পালন করছে।'

## বাংলাদেশে গরু ছাগলের নিরাপদ মাংসের ব্র্যান্ড সৃষ্টি কর্মসূচির সমবায় সমিতির চেক হস্তান্তর

হেইফার ইন্টারন্যাশনাল এর অর্থায়নে এনডিপি কর্তৃক বাস্তবায়িত বাংলাদেশে গরু ছাগলের নিরাপদ মাংসের ব্র্যান্ড সৃষ্টিকরণ কর্মসূচির উদ্যোগে রায়গঞ্জ উপজেলার ৫টি সমবায় সমিতিতে চেক হস্তান্তর ও উপজেলা প্রকল্প বাস্তবায়ন কমিটির সভা অনুষ্ঠিত হয়েছে। ২৬ নভেম্বর ২০২৩, রায়গঞ্জ উপজেলার সম্মেলন কক্ষে এ আয়োজন করা হয়। অনুষ্ঠানে সভাপতিত্ব করেন রায়গঞ্জ উপজেলা নির্বাহী অফিসার ও উপজেলা প্রকল্প বাস্তবায়ন কমিটির সভাপতি তৃপ্তি কনা মন্ডল। এসময় কর্মসূচির টেকনিক্যাল অফিসার মোঃ মীর বাহাদুর এর সঞ্চালনায় প্রকল্পের অর্জন ও অগ্রগতি সম্পর্কে বিস্তারিত উপস্থাপন করেন প্রকল্পের সমন্বয়কারী আবু আনেশ ইউসুফ।


চেক হস্তান্তর করছেন রায়গঞ্জ উপজেলা নির্বাহী অফিসার তৃপ্তি কনা মন্ডল

আলোচনা পরবর্তীতে রায়গঞ্জ উপজেলার ৫টি সমবায় সমিতিতে তিন লক্ষ টাকা করে মোট পনের লক্ষ টাকার চেক হস্তান্তর করেন উপজেলা নির্বাহী অফিসার তৃপ্তি কনা মন্ডল। এসময় সভাপতি মহোদয় হেইফার ইন্টারন্যাশনাল ও এনডিপিকে ধন্যবাদ জানান। একইসাথে তিনি উপকরণসমূহের সঠিক ব্যবহার নিশ্চিতকরণের মাধ্যমে সমিতির আয় বৃদ্ধি করার পাশাপাশি সাধারণ সদস্যদের উন্নয়নে কাজ করতে পারে সেই আশা ব্যক্ত করেন। সমবায় সমিতিগুলো উপকরণগুলোর সঠিক ব্যবহার করছে কিনা সেটি সঠিক মনিটরিং করার জন্য প্রকল্পের কর্মকর্তাদের নির্দেশনা প্রদান করেন। এছাড়াও আলোচনা সভায় উপজেলা পরিষদের ভাইস চেয়ারম্যান নিস্কৃতি দাস, উপজেলা কৃষি অফিসার মোঃ আব্দুর রউফ, উপজেলা প্রাণি সম্পদ ভেটেরিনারি সার্জন ডাঃ আমিনুল ইসলাম, উপজেলা সমবায় কর্মকর্তা মোঃ দেলওয়ার হোসেনসহ সমবায় সমিতির নেত্রীবৃন্দ, সদস্য ও প্রকল্পের কর্মকর্তাবৃন্দ উপস্থিত ছিলেন।

## এক নজরে ঋণ সহায়তা কর্মসূচির অগ্রগতি

এনডিপি উন্নয়ন সহযোগী সংস্থার সাথে বিভিন্ন উন্নয়নমূলক কার্যক্রম বাস্তবায়ন করার পাশাপাশি ১৯৯২ সাল থেকে ঋণ সহায়তা কর্মসূচি বাস্তবায়ন করছে। বিভিন্ন ব্যাংক ও পিকেএসএফ এর অর্থায়নে ১১১টি শাখার মাধ্যমে পরিচালিত হচ্ছে। এনডিপি কর্তৃক অর্জিত বর্তমান চিত্র নিচের ছকে তুলে ধরা হলো;

| ক্রঃ নং | বিবরণ | ডিসেম্বর' ২০২৩ | ক্রঃ নং | বিবরণ | ডিসেম্বর' ২০২৩ | ক্রঃ নং | বিবরণ | ডিসেম্বর' ২০২৩ |
|---|---|---|---|---|---|---|---|---|
| ১ | শাখার সংখ্যা | ১১১ | ৯ | মোট বকেয়া (কোটি টাকায়) | ৯.৭৪ | ১৭ | কর্মী ঃ ঋণী সদস্য | ১:২১৭ |
| ২ | মোট সদস্য জন | ১,৩৮,১৩৭ | ১০ | ঋণ আদায়ের হার | ৯৯.৭৮% | ১৮ | সমিতি ঃ ঋণী সদস্য | ১:২০ |
| ৩ | ক্রমপুঞ্জিভূত ঋণ বিতরন (কোটি টাকায়) | ৪৯৫৪.৪৩ | ১১ | On Time Realization (OTR) | ৯৮.২৩% | ১৯ | কর্মী ঃ সঞ্চয় স্থিতি (লাখ টাকায়) | ১:৩১.১২ |
| ৪ | ক্রমপুঞ্জিভূত ঋণ আদায় (কোটি টাকায়) | ৪৩৯১.১১ | ১২ | Liquidity Ratio | ৬.৪৯% | ২০ | কর্মী ঃ ঋণ স্থিতি (লাখ টাকায়) | ১:১০৯.১৭ |
| ৫ | ঋণ স্থিতি (কোটি টাকায়) | ৫৬৩.৩২ | ১৩ | Port folio At Risk | ২.৬৬% | ২১ | সমিতি ঃ সদস্য | ১:২৫ |
| ৬ | সঞ্চয় স্থিতি (কোটি টাকায়) | ১৬০.৬১ | ১৪ | Delinquent Ratio | ১.৭৩% | ২২ | ষ্টাফ ঃ ঋণী সদস্য | ১:১১২ |
| ৭ | ক্রমপুঞ্জিভূত নীট তহবিল (কোটি টাকায়) | ২২৪.০৪ | ১৫ | Debt : Equity | ১.৭৭:১ | | | |
| ৮ | ঋণী কভারেজ | ৮০.৯৯% | ১৬ | কর্মী ঃ সদস্য | ১:২৬৮ | | | |

## ইসিসিসিপি-ফ্লাড প্রকল্পের কার্যক্রম পরিদর্শন



নিজস্ব মতামত ব্যক্ত করছেন প্রকল্পের অংশগ্রহণকারী

গ্রীণ ক্লাইমেট ফান্ড (জিসিএফ) এর অর্থায়নে পল্লী কর্ম-সহায়ক ফাউন্ডেশন (পিকেএসএফ) এর সার্বিক সহযোগিতায় বাস্তবায়িত Extended Community Climate Change Project-Flood (ECCCP-Flood) প্রকল্পের মাঠ পর্যায়ের কার্যক্রম পরিদর্শন করেছেন উন্নয়ন সহযোগী সংস্থা জিসিএফ এর একটি প্রতিনিধি দল। প্রকল্পটি কুড়িগ্রাম জেলার চিলমারী উপজেলার ০৪ টি (নয়ারহাট, চিলমারী, রমনা ও অষ্টমীরচর) ইউনিয়নে এবং চর রাজীবপুর উপজেলার ০১ টি (কোদালকাটি) ইউনিয়নে বন্যাপ্রবণ জনগোষ্ঠীর বন্যা মোকাবেলায় সক্ষমতা বৃদ্ধিতে নিয়মিতভাবে কার্যক্রম বাস্তবায়ন করছে। পল্লী কর্ম-সহায়ক ফাউন্ডেশন (পিকেএসএফ) এর প্রকল্প সমন্বয়কারী (ইসিসিসিপি-ফ্লাড) মোঃ মারুফুজ্জামান এর নেতৃত্বে গ্রীণ ক্লাইমেট ফান্ড (জিসিএফ)-এর ০৭ সদস্যের একটি পরিদর্শক দল প্রকল্পের কর্ম-এলাকা পরিদর্শন করেন। ১৯-২১ নভেম্বর ২০২৩, ০৩ দিনব্যাপি প্রকল্প এলাকার অন্তর্গত চিলমারী উপজেলার অষ্টমীরচর ইউনিয়নের ছালিপাড়া গ্রাম ও চর রাজিবপুর উপজেলার কোদালকাটি ইউনিয়নের কোদালকাটি গ্রাম ও গার্লস স্কুল পাড়া গ্রামের মাঠ পর্যায়ের কার্যক্রম পরিদর্শন করেন এবং ভিডিও ধারণ করেন। এসময় তাদের ফুলেল শুভেচ্ছা জানান এনডিপি'র পরিচালক ও প্রকল্পের ফোকাল পারসন ড. এবিএম সাজ্জাদ হোসেন। প্রতিনিধি দলটি কার্যক্রমসমূহ ঘুরে ঘুরে দেখেন এবং প্রকল্পের কর্মী, প্রকল্পের মাধ্যমে সংগঠিত জলবায়ু অভিযোজন দলের সভানেত্রী, উপকারভোগী, গ্রামবাসী, কমিউনিটি ক্লিনিকের দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা ও প্রকল্পের ফোকাল পার্সনের সাথে মত বিনিময় করেন। পরিদর্শক দল প্রকল্পের কার্যক্রম দেখে ও প্রকল্পের অংশগ্রহণকারীদের সাথে কথা বলে মুগ্ধ হন। পরিদর্শক দলে উপস্থিত ছিলেন- জিসিএফ এর প্রতিনিধি Zeenia Dastur, Francois Jr Saikaly, Christopher Rompre , Drylle James Galang, পিকেএসএফ এর প্রকল্প সমন্বয়কারী (ইসিসিসিপি-ফ্লাড) মোঃ মারুফুজ্জামান, প্রোগ্রাম অফিসার মোঃ সামিউল হক ও মোঃ আনিসুর রহমান, এনডিপি'র পরিচালক (পিআরএম) ডঃ এবিএম সাজ্জাদ হোসেন, প্রকল্প সমন্বয়কারী (ইসিসিসিপি-ফ্লাড) মোঃ হাবিবুর রশিদসহ অন্যান্য কর্মকর্তাবৃন্দ।

## সিটি ব্যাংকের যৌথ উদ্যোগে কৃষি উপকরণ প্রদান

বেসরকারী উন্নয়ন সংস্থা ন্যাশনাল ডেভেলপমেন্ট প্রোগ্যাম (এনডিপি) এর উদ্যোগে সিটি ব্যাংকের বিশেষ কৃষি সিএসআর কার্যক্রমের আওতায় প্রান্তিক কৃষকদের মাঝে সবজী, ভুট্টা ও ধান চাষের সহায়ক উপকরণ বিতরণ করা হয়েছে। ১০-১৮ নভেম্বর ২০২৩, সিরাজগঞ্জ ও জামালপুর জেলায় মাঠ পর্যায়ে বিবতরণ কার্যক্রম সম্পন্ন করা হয়। উপকরণ হিসেবে নাবিল গ্রুপ এর আওতাধীন নাবা ক্রপ কেয়ার লিঃ এর বিভিন্ন ধরণের কীটনাশক বিতরণ করা হয়। জেলা দুইটিতে সর্বমোট ২,১২০ জন কৃষকের মাঝে সবজী ও ধান চাষে ব্যবহৃত কীটনাশক ও বীজ বিতরন করা হয়। প্রত্যেক কৃষককে আনুমানিক ৫,২২০ টাকা সমমূল্যের কীটনাশক প্রদান করা হয়। ধারাবাহিক কার্যক্রমের অংশ হিসেবে ১৫ নভেম্বর, সিরাজগঞ্জ জেলার কামারখন্দ উপজেলার কোনাবাড়ি সরকারী প্রাথমিক বিদ্যালয়ে বিতরণ কার্যক্রম সম্পন্ন করা হয়। অনুষ্ঠানে স্বাগত বক্তব্য প্রদান করেন এনডিপি'র উপ-পরিচালক (মনিটরিং এন্ড ইভ্যালুয়েশন) কাজী মাসুদুজ্জামান। এসময় তিনি ২৪৭ জন প্রান্তিক কৃষকের মাঝে সবজী চাষের কীটনাশক এবং ২৬৪ জন প্রান্তিক কৃষকের মাঝে ভুট্টা ও ধান চাষে ব্যবহৃত কীটনাশক হস্তান্তর করেন এবং সকলকে অবশ্যই কৃষি অফিসারের পরামর্শ অনুযায়ী কীটনাশক ব্যবহারের নির্দেশনা প্রদান করেন। বিতরণ অনুষ্ঠানে সিটি ব্যাংক প্রতিনিধি মো. সেলিম রেজা (এ্যাসিস্ট্যান্ট রিলেশনশিপ অফিসার) এর উপস্থিতিতে কামারখন্দ উপজেলা পরিষদ এর সাবেক ভাইস চেয়ারম্যান মো. আব্দুল মান্নান সেখ, এনডিপি'র সহকারী পরিচালক (নিরীক্ষা) কে.এম জাহাঙ্গীর আলম, সহকারী পরিচালক (ঋণ সহায়তা কর্মসূচি) মো. সাইফুল ইসলাম, কৃষিবিদ মুহাম্মদ আবদুল হালিম, প্রোগ্রাম অফিসার সুরেশ চন্দ্র পাল, উপ-ব্যবস্থাপক (প্রতিবন্ধিতা ও উন্নয়ন কর্মসূচি) শিপন চন্দ্র নাগসহ এনডিপি ও সিটি ব্যাংকের অন্যান্য কর্মকর্তাবৃন্দ উপস্থিত ছিলেন।




কৃষি উপকরণ তুলে দিচ্ছেন এনডিপি'র উপ-পরিচালক ও সিটি ব্যাংক প্রতিনিধি

## আলোকিত গ্রাম কর্মসূচি'র উদ্যোগে শীতার্তদের কম্বল উপহার



কম্বল তুলে দিচ্ছেন এনডিপি'র উপ-পরিচালক
আবু নাঈম মো. জুবায়ের খান

এনডিপি'র নিজস্ব অর্থায়নে পরিচালিত আলোকিত গ্রাম কর্মসূচির উদ্যোগে ৫০জন শীতার্তের মাঝে কম্বল উপহার দেয়া হয়। ৩০ ডিসেম্বর ২০২৩, মিউচুয়াল ট্রাস্ট ব্যাংকের সহযোগিতায় এনডিপি'র প্রধান কার্যালয়ে বিতরণ কার্যক্রম সম্পন্ন করা হয়। এসময় এনডিপি'র উপ-পরিচালক ও কর্মসূচির ফোকাল পারসন আবু নাঈম মো. জুবায়ের খান, আলোকিত গ্রাম কর্মসূচির কেন্দ্রীয় কমিটির সভাপতি ও সাবেক উপজেলা পরিষদের ভাইস চেয়ারম্যান মো. আ. মান্নান সেখ, সাবেক সোনালী ব্যাংক কর্মকর্তা মো. হায়দার আলী খান, সম্পাদক মো. সাখাওয়াত হোসেন, প্রোগ্রাম অফিসার সুরেশ চন্দ্র পাল ও অন্যান্য কর্মকর্তাবৃন্দ উপস্থিত ছিলেন।

উল্লেখ্য কর্মসূচিটি এনডিপি'র নিজস্ব অর্থায়নে কামারখন্দ উপজেলার ঝাঐল ইউনিয়নের চারটি (বাগবাড়ী, লাহিড়ী বাড়ী, বালুকোল ও চর বড়ধুল) গ্রামে বাস্তবায়িত হচ্ছে।

## শিশু সৈকতের অপারেশনের ব্যবস্থা করলেন এনডিপির নির্বাহী পরিচালক



চিকিৎসা প্রাপ্তির প্রয়োজনীয় কাগজপত্র তুলে দিচ্ছেন এনডিপির নির্বাহী পরিচালক মো. আলাউদ্দিন খান

শিশু সৈকতের দৃষ্টি শক্তি ফিরে পেতে অপারেশন এর ব্যবস্থা করে দিয়েছেন বেসরকারি উন্নয়ন সংস্থা এনডিপির নির্বাহী পরিচালক মো. আলাউদ্দিন খান। এনডিপি-সিজেডএম এর মাঝে স্বাক্ষরিত চিকিৎসা সহায়তার চুক্তির ভিত্তিতেই শিশু সৈকতের এই অপারেশনের ব্যবস্থা করা হয়। ২৬ অক্টোবার, তিনি 'দৈনিক সিরাজগঞ্জ প্রতিদিন' কার্যালয়ে বিনা খরচে অপারেশনের কাগজপত্র তুলে দিলেন সৈকতের পিতা উজ্জল হোসেন এর হাতে।

এর পূর্বে গত ২০ সেপ্টেম্বর, ২৩ খ্রি. দৈনিক সিরাজগঞ্জ প্রতিদিন পত্রিকায় সংবাদ প্রকাশিত হয় সিরাজগঞ্জ পৌর এলাকার সয়াধানগড়া গ্রামের দরিদ্র উজ্জল হোসেন এর শিশু সন্তান অর্থের অভাবে দৃষ্টিশক্তি হারাতে বসেছে। সৈকতের চোখের অপারেশন এর জন্য প্রয়োজন লক্ষাধিক টাকার। কিন্ত তার পিতা নাইট গার্ড এর চাকরি করেন ও মা বিভিন্ন বাড়িতে রাঁধুনির কাজ করে থাকেন। তাদের পক্ষে সৈকতের উন্নত চিকিৎসা করা সম্ভব নয়।

সংবাদটি এনডিপির নির্বাহী পরিচালক এর দৃষ্টি গোচর হয়। পরে তিনি নিজ উদ্যোগে সেন্টার ফর জাকাত ম্যানেজমেন্ট (সিজেডএম) এর সাথে যোগাযোগ করেন। পরে সিজেডএম শিশু সৈকতের অপারেশন যাবতীয় দায়িত্ব গ্রহণ করেন। সিজেডএম ঢাকার ইস্পাহানী ইসলামিয়া চক্ষু হাসপাতালে সৈকত এর অপারেশন ব্যবস্থা করেন।

## সিরাজগঞ্জ জেলা প্রাণি সম্পদ কর্মকর্তাকে ফুলেল শুভেচ্ছা



ফুলেল শুভেচ্ছা গ্রহণ করছেন জেলা প্রাণি সম্পদ কর্মকর্তা ডাঃ মোঃ ওমর ফারুক

সদ্য যোগদানকৃত সিরাজগঞ্জ জেলা প্রাণি সম্পদ কর্মকর্তাকে বেসরকারী উন্নয়ন সংস্থা ন্যাশনাল ডেভেলপমেন্ট প্রোগ্রাম (এনডিপি) এর পক্ষ থেকে ফুলেল শুভেচ্ছা ও অভিনন্দন জানানো হয়। ২০ নভেম্বর ২০২৩, এনডিপি'র প্রতিষ্ঠাতা ও নির্বাহী পরিচালক মো. আলাউদ্দিন খান এর পক্ষ থেকে শুভেচ্ছা জ্ঞাপন করেন এনডিপি-আরএমটিপি প্রকল্প ব্যবস্থাপক কৃষিবিদ মোঃ মাসুদ মন্ডল। এসময় মোঃ মাসুদ মন্ডল, এনডিপি'র বিভিন্ন কার্যক্রম সম্পর্কে জেলা প্রাণি সম্পদ কর্মকর্তা ডাঃ মোঃ ওমর ফারুক মহোদয়কে অবগত করেন।

বিশেষ করে গবাদি প্রাণি সম্পদ উন্নয়নে বাস্তবায়িত লাইভস্টক রিস্ক মিটিগেশন প্রোগ্রাম-এলআরএমপি, রুরাল মাইক্রো এন্টারপ্রাইজ ট্রান্সফরমেশন প্রজেক্ট-আরএমটিপি এর আওতায় "নিরাপদ মাংস ও দুগ্ধজাত পণ্যের বাজার উন্নয়ন" উপ-প্রকল্পের বিভিন্ন কার্যক্রম বাস্তবায়নের ফলে মাঠ পর্যায়ে খামারি ও সংশ্লিষ্ঠ পণ্যের ব্যবসার সাথে জড়িত উদ্যোক্তাদের ইতিবাচক প্রভাব ও প্রকল্পের ফলাফল সম্পর্কে বিস্তারিত আলোচনা করেন। একইসাথে জেলা প্রাণি সম্পদ অধিদপ্তরের সহযোগিতা কৃতজ্ঞচিত্তে স্বরণ করেন। এসময় নবাগত জেলা প্রাণি সম্পদ কর্মকর্তা চলমান কার্যক্রমের প্রশংসা করেন এবং প্রকল্পের আওতাভূক্ত উদ্যোক্তাগণ যেন তাদের কার্যক্রমগুলোকে টেকসই করতে পারে এর জন্য অধিদপ্তরের পক্ষ থেকে সকল ধরনের সহযোগিতা অব্যাহত থাকবে বলে তিনি জানান।

## আশা প্রকল্পের উদ্যোগে বিশ্ব শিক্ষক দিবস উদ্‌যাপন




অনুষ্ঠানে উপস্থিত আছেন রায়গঞ্জ উপজেলা সহকারী কমিশনার (ভূমি) তানজিল পারভেজ

গণসাক্ষরতা অভিযানের সহযোগিতায় বেসরকারী উন্নয়ন সংস্থা ন্যাশনাল ডেভেলপমেন্ট প্রোগ্রাম (এনডিপি) কর্তৃক বাস্তবায়িত আশা প্রকল্পের আওতায় বিশ্ব শিক্ষক দিবস উদ্‌যাপন করা হয়। ০৫ অক্টোবর ২০২৩, বিশ্ব শিক্ষক দিবস উপলক্ষ্যে রায়গঞ্জ উপজেলা পরিষদ সভা কক্ষে আলোচনা সভা অনুষ্ঠিত হয়। ''কাংখিত শিক্ষার জন্য শিক্ষক: শিক্ষক স্বল্পতা পূরণ বৈশ্বিক অপরিহার্যতা'' প্রতিপাদ্য বিষয় নিয়ে আলোচনা সভায় অংশগ্রহণ করেন রায়গঞ্জ উপজেলার পাঙ্গাসী ইউনিয়নের ১৯ টি এবং ধানগড়া ইউনিয়নের ২২ টি সরকারি প্রাথমিক বিদ্যালযের প্রধান শিক্ষকবৃন্দ।

সভায় রায়গঞ্জ উপজেলা মাধ্যমিক শিক্ষা কর্মকর্তা মো. জাকির হোসেন এর সভাপতিত্বে প্রধান অতিথি হিসেব উপস্থিত ছিলেন উপজেলা সহকারী কমিশনার (ভূমি) তানজিল পারভেজ। এনডিপি'র উপপরিচালক (এমএন্ডই) ও আশা প্রজেক্টের ফোকাল পারসন কাজী মাসুদুজ্জামান এর স্বাগত বক্তব্যের মধ্য দিয়ে অনুষ্ঠানে বিশেষ অতিথির বক্তব্য প্রদান করেন উপজেলা সহকারী শিক্ষা কর্মকর্তা (পাঙ্গাসী ক্লাস্টার) মোঃ রেজাউল করিম ও ধানগড়া ক্লাস্টারের মো. মাহমুদুর রহমান। এসময় উপস্থিত শিক্ষকবৃন্দ মানসম্মত শিক্ষার জন্য মানসম্মত শিক্ষক তৈরীতে শিক্ষকদের সুযোগ সুবিধা বৃদ্ধি করা বিশেষ প্রয়োজন বলেও মন্তব্য করেন। অনুষ্ঠান সফল করার জন্য সার্বিক সহযোগিতা করেন এনডিপির প্রতিবন্ধিতা ও শিক্ষা কর্মসূচির উপব্যবস্থাপক শিপন চন্দ্র নাগ।

পরিবর্তীতে সকল অংশগ্রহণকারী এনডিপি ও গণসাক্ষরতা অভিযানের প্রশংসা করেন এবং আশা প্রকল্পের আওতা-পরিধি বৃদ্ধিতে কর্তৃপক্ষের প্রতি দৃষ্টি আর্কষণ করেন। এছাড়াও সভায় এসএমসি, পিটিএ, কমিউনিটি এডুকেশন ওয়াচ গ্রুপের সদস্য, সাংবাদিক ও সরকারী বেসরকারী বিভিন্ন সংস্থার কর্মকর্তাবৃন্দ উপস্থিত ছিলেন ।

## এসইপি-ডেইরী প্রকল্পের সমাপনী কর্মশালা



উপস্থিত আছেন শাহজাদপুর উপজেলা পরিষদ চেয়ারম্যান বীর মুক্তিযোদ্ধা প্রফেসর মোঃ আজাদ রহমান

পল্লী কর্ম-সহায়ক ফাউন্ডেশন ( পিকেএসএফ) ও বিশ্বব্যাংক এর আর্থিক সহযোগিতায় বাস্তবায়িত সাসটেইনেবল এন্টারপ্রাইজ প্রজেক্ট (এসইপি)'র আওতায় "বাংলাদেশে যমুনা নদী বাহিত উত্তরাঞ্চলের ডেইরী বিজনেজ ক্লাস্টারকে নিরাপদ দুগ্ধ ও দুগ্ধজাতপণ্য উৎপাদনের জন্য পরিবেশ উন্নয়নের অনুশীলন প্রচার করা" উপ- প্রকল্পের সমাপনী কর্মশালা অনুষ্ঠিত হয়েছে। ২৯ নভেম্বর ২০২৩, সিরাজগঞ্জ জেলার শাহজাদপুর উপজেলা পরিষদ এর শহীদ স্মৃতি মিলনায়তন হলে এ আয়োজন করা হয়। অনুষ্ঠানে শাহজাদপুর উপজেলা নির্বাহী অফিসার মোঃ কামরুজ্জামান এর সভাপতিত্বে প্রধান অতিথি হিসাবে উপস্থিত ছিলেন উপজেলা পরিষদ চেয়ারম্যান বীর মুক্তিযোদ্ধা প্রফেসর মোঃ আজাদ রহমান। এসময় প্রধান অতিথি বলেন দেশের উৎপাদিত মোট দুধের সিংহ ভাগ দুধ শাহজাদপুর উপজেলার খামারীরা উৎপাদন করে থাকেন। খামারীরা যাতে কম মূল্যে দুধ উৎপাদন করতে পারে তার জন্য খামারীদের সাইলেজ ও ব্যাপকভাবে ঘাস উৎপাদনের উপর জোর দিতে বলেন। একইসাথে প্রকল্পটি যেন দীর্ঘ মেয়াদে বাস্তবায়ন করা হয় সেজন্য এনডিপি'র দৃষ্টি আকর্ষণ করেন এবং প্রকল্প বাস্তবায়নের ফলে পরিবেশের যে উন্নয়ন হয়েছে তার জন্য ধন্যবাদ জানান। অনুষ্ঠানে বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন অতিরিক্ত পুলিশ সুপার শাহজাদপুর সার্কেল মোঃ কামরুজ্জামান (পিপিএম সেবা) ও রবীন্দ্র বিশ্ববিদ্যালয় এর সহকারী অধ্যাপক লায়লা ফেরদৌস। সম্মানিত অতিথি হিসেবে উপস্থিত ছিলেন বিএলআরআই এর বৈজ্ঞানিক কর্মকতা উম্মে শিহা আলম, শাহজাদপুর উপজেলা প্রাণি সম্পদ কর্মকর্তা ডাঃ মোঃ বেলাল হোসেন, মিল্কভিটা বাঘাবাড়ি এর ব্যবস্থাপক (সিডিটি) ডাঃ মোঃ বাবুল আক্তার ও ফায়ার সার্ভিস কর্মকর্তা মোঃ রেজাউল করিম।

সমাপনী অনুষ্ঠানে প্রকল্পের সফলতা সম্পর্কে পাওয়ার পয়েন্ট প্রেজেন্টেশন উপস্থাপন করেন প্রকল্প ব্যবস্থাপক আব্দুল মালেক আকন্দ। এসময় তিনি প্রকল্পের অগ্রগতি সম্বন্ধে জানান। একইসাথে প্রকল্পটি উদ্যোক্তাদের টেকসই ও পরিবেশগত উন্নয়ন, পণ্যের বহুমাত্রিকীকরণ, পণ্যের সাধারণ ব্র্যান্ডিং এবং প্রিমিয়াম বাজারে প্রবেশের মাধ্যমে খামারীদের আয় বৃদ্ধি, টেকসই ও পরিবেশ বান্ধব খামার ব্যবস্থা গড়ে তোলার লক্ষ্যে সিরাজগঞ্জ জেলার শাহজাদপুর ও রায়গঞ্জ উপজেলায় কার্যক্রম পরিচালনা করেছে বলে সকলকে অবগত করেন। ক্ষুদ্র উদ্যোক্তা ও ব্যবসায়ীদের আয় বৃদ্ধি এবং পরিবেশ উন্নয়নের অনুশীলন চর্চা করাই ছিল এই প্রকল্পের মূল লক্ষ্য।

## ইআরসিসিপি প্রকল্পের ক্ষুদ্র ব্যবসা ব্যবস্থাপনা প্রশিক্ষণ

ক্লাইমেট ব্রিজ ফান্ড (সিবিএফ)-এর আর্থিক সহায়তায় ন্যাশনাল ডেভেলপমেন্ট প্রোগ্রাম (এনডিপি) কর্তৃক বাস্তবায়িত ইনহ্যান্স রেজিলেন্স ক্যাপাসিটি অফ দ্য ক্লাইমেট ইনডিউস্ড পিপল (ইআরসিসিপি) প্রকল্পটি সিরাজগঞ্জ পৌরসভার ৩টি ওয়ার্ডে ১২টি কমিউনিটিতে বাস্তবায়িত হচ্ছে। জলবায়ু অভিযোজিত ২০০০ পরিবার থেকে মোট ২০০০ জন উপকারভোগী এ প্রকল্প থেকে সুবিধা পাচ্ছে। এরই ধারাবাহিকতায় ১ম পর্যায়ে ১০০০ জনকে মাঠ পর্যায়ে ২ দিনব্যাপী জলবায়ুর প্রভাবে ক্ষতিগ্রস্ত উপকারভোগীদের আয়বর্ধনমূলক দক্ষতা উন্নয়ন প্রশিক্ষণ প্রদান করা হচ্ছে। প্রশিক্ষণে উপকারভোগীদের চাহিদা মোতাবেক আইজিএ নির্ধারণ করে তা বাস্তবায়নের বিভিন্ন কলা কৌশল নিয়ে আলোচনা করা হয়। এই সকল প্রশিক্ষণ পরিচালনা করেন বিভিন্ন সরকারি দপ্তরের কর্মকর্তাগণ। প্রশিক্ষণে অংশগ্রহণকারীগণ ক্ষুদ্র ব্যবসা ও ছাগল পালন করে কীভাবে আয় বৃদ্ধি করা যায় এবং জীবনমান উন্নয়ন করা যায় সেসম্পর্কে বিস্তারিত ধারণা লাভ করেন। প্রকল্পের আওতায় এখন পর্যন্ত ২৬ ব্যাচে ৬৭০ জনকে ছাগল পালন এবং ১৩ ব্যাচে ৩৩০ জনকে ক্ষুদ্র ব্যবসা পরিচালনা বিষয়ক প্রশিক্ষণ প্রদান করা সম্পন্ন হয়েছে।


প্রশিক্ষণ প্রদান করছেন সিরাজগঞ্জ সদর উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা মোঃ আহসান হাবিব

## আরএমটিপি-মৎস্য প্রকল্পের "মাছের ডাক্তার" উন্নয়ন বিষয়ক প্রশিক্ষণ


বক্তব্য দিচ্ছন সিনিয়র উপজেলা মৎস্য কর্মকর্তা রতন চন্দ্র সাহা

ইফাদ ও ড্যানিডা এর অর্থায়নে এবং পল্লী কর্ম-সহায়ক ফাউন্ডেশন (পিকেএসএফ) এর সার্বিক সহযোগিতায় ন্যাশনাল ডেভেলপমেন্ট প্রোগ্রাম (এনডিপি) কর্তৃক বাস্তবায়িত আরএমটিপি মৎস্য ভ্যালু চেইন উপ-প্রকল্পের আওতায় "মাছের ডাক্তার" উন্নয়ন বিষয়ক প্রশিক্ষণ প্রদান করা হয়েছে। ১৭ অক্টোবর, নাটোর জেলার গুরুদাসপুর উপজেলার চাপিলা ইনিয়নের বৃ-পাথুরিয়া গ্রামে ১ম দিনের প্রশিক্ষণে ২৫ জন স্থানীয় পর্যায়ে মৎস্য সেবা প্রদানকারী অংশগ্রহণ করেন। প্রশিক্ষণে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন সিনিয়র উপজেলা মৎস্য কর্মকর্তা রতন চন্দ্র সাহা, ভিজিএফ, এভিসিএফ। এসময় তিনি স্থানীয় পর্যায়ে মৎস্য সেবা প্রদানকারী "মাছের ডাক্তার" উন্নয়ন, পরিবেশ ও অ্যাকোয়াকালচার, জলবায়ু পরিবর্তন ও বাংলাদেশের মৎস্য সম্পদ, উত্তম মৎস্যচাষ অনুশীলন সম্পর্কে আলোচনা করেন। তিনি নিরাপদ মাছ উৎপাদনে উত্তম মাছ চাষ করতে চাষীদের আহ্বান জানান। অনুষ্ঠানে উদ্বোধনী বক্তব্য প্রদান করেন প্রকল্প সমন্বয়কারী মোঃ সাজ্জাদ হোসেন। এতে ২৫ জন স্থানীয় পর্যায়ে মৎস্য সেবা প্রদানকারীর মধ্যে ৫ জন নারী মাছ চাষী ও ২০ জন পুরুষের মধ্যে মাছের খাদ্য বিক্রেতা, একোয়া মেডিসিন বিক্রেতা ও বড় মাছ চাষী উপস্থিত ছিলেন।

## ইআরসিসি প্রকল্পের উদ্যোগে এ্যাডভোকেসি কর্মশালা




বক্তব্য দিচ্ছেন সিরাজগঞ্জ পৌরসভার সমাজ উন্নয়ন কর্মকর্তা মো. শাহ্ আলম

ক্লাইমেট ব্রিজ ফান্ড (সিবিএফ) এর অর্থায়নে ব্র্যাক ও কে এফ ডাব্লিউ এর সহযোগিতায় বাস্তবায়িত ইনহেন্স রেজিলিয়েন্স টুওয়াডস কোভিড এন্ড কন্সিকুয়েন্স (ইআরসিসি) প্রকল্পর এ্যাডভোকেসি কর্মশালা অনুষ্ঠিত হয়েছে। ২১ নভেম্বর ২০২৩, সিরাজগঞ্জ পৌরসভা হলরুমে এ আয়োজন করা হয়। এতে প্রকল্পের অগ্রগতি, মনিটরিং এবং ভবিষ্যৎ পরিকল্পনা নিয়ে সিরাজগঞ্জ পৌরসভার সাথে মত বিনিময় করা হয়। সিরাজগঞ্জ পৌরসভার ১ নং প্যানেল মেয়র মো: নুরুল হক এর সভাপতিত্বে শুভেচ্ছা বক্তব্য প্রদান করেন এনডিপি'র উপ-পরিচালক কাজী মাসুদুজ্জামান।

ইআরসিসি প্রকল্প সমন্বয়কারী খাদিজা আকতার রঙ্গন এর সঞ্চালনায় কর্মশালা আয়োজনে সার্বিক সহযোগিতা করেন সিরাজগঞ্জ পৌরসভার সমাজ উন্নয়ন কর্মকর্তা ও সিরাজগঞ্জ পৌরসভার ইআরসিসি প্রকল্পর ফোকালপার্সন মো. শাহ্ আলম। এছাড়াও এতে কর্মএলাকার ৬টি ওয়ার্ডের কাউন্সিলর, সংরক্ষিত কাউন্সিলর এবং সিরাজগঞ্জ পৌরসভার বিভিন্ন বিভাগের কর্মকর্তাগণ এবং ইআরসিসি প্রকল্পর কর্মকর্তাবৃন্দ উপস্থিত ছিলেন। পরিশেষে অতিথিবৃন্দ ইআরসিসি প্রকল্পর কার্যক্রমের প্রশংসা করেন এবং সিরাজগঞ্জ পৌরসভার পক্ষ হতে সার্বিক সহযোগিতা করবেন বলে অঙ্গীকার ব্যক্ত করেন।

প্রসঙ্গত ইআরসিসি প্রকল্পটি সিরাজগঞ্জ শহরের ৬ টি ওয়ার্ডে ৪২০৫ জন উপকারভোগীকে আয়বৃদ্ধিমূলক কর্মকান্ডে অর্থনৈতিক সহায়তা, ওয়াশ ও স্বাস্থ্য সেবার মান উন্নয়নে নিয়মিতভাবে কাজ করছে। এছাড়াও বৈশ্বিক মহামারি কোভিড ১৯ এর কারণে ক্ষতিগ্রস্থ পরিবার গুলোকে নিয়ে প্রকল্পটি জলবায়ু পরিবর্তনজনিত ঝুঁকি মোকাবেলায় কমিউনিটির জনগোষ্ঠির সক্ষমতা বৃদ্ধি করা নিয়ে কাজ করছে।

## সিরাজগঞ্জে বিশ্ব খাদ্য দিবস ২০২৩ উদযাপন

''খাদ্য উৎপাদন ও জীবনধারণে প্রয়োজনীয় পানি চাই-খাদ্য অধিকার আইন চাই'' প্রতিপাদ্য বিষয় নিয়ে বিশ্ব খাদ্য দিবস-২০২৩ উপলক্ষে আলোচনা সভা অনুষ্ঠিত হয়। ১৭ অক্টোবর, খাদ্য অধিকার বাংলাদেশ সিরাজগঞ্জ জেলা শাখার সম্মানিত সভাপতি মো. আলাউদ্দিন খান এর নির্দেশনা অনুযায়ী কমিটির সদস্যবৃন্দের স্বত:স্ফুর্ত অংশগ্রহণের মধ্যদিয়ে দিবসটি উদযাপন করা হয়। দিবসটির উদ্দেশ্য হলো-খাদ্য সমস্যা মোকাবেলায় বিশ্বব্যাপী সচেতনতা বাড়ানো ও সম্মিলিত পদক্ষেপ গ্রহণ এবং সকলের জন্য পুষ্টিকর খাবারের নিশ্চয়তায় গুরুত্ব প্রদান করা। এ বছর জাতিসংঘের খাদ্য ও কৃষি সংস্থা-FAO এর 'বিশ্ব খাদ্য দিবস ২০২৩' উদযাপনের Theme: 'Water is life, water is food. Leave no one behind'।

এ প্রেক্ষাপটে 'বিশ্ব খাদ্য দিবস ২০২৩ প্রচারাভিযান' অনুষ্ঠিত হয়েছে। এর অংশ হিসেবে ১৮ অক্টোবর, ২০২৩ তারিখে জেলা প্রশাসক, সিরাজগঞ্জ মহোদয়কে নিম্নলিখিত সুপারিশসমূহ সম্বলিত স্বারকলিপি প্রদান করা হয়।




খাদ্য দিবসে আয়োজিত আলোচনা সভার অংশ বিশেষ

**বর্তমান পরিস্থিতিতে খাদ্য অধিকার বাংলাদেশ-এর সুপারিশ**

১. টেকসই কৃষি খাদ্য ব্যবস্থা এবং খাদ্যের অধিকার প্রতিষ্ঠার জন্য টেকসই পানি ব্যবস্থাপনা নিশ্চিত করা; ২. সামাজিক সুরক্ষা কর্মসূচিসমূহের জবাবদিহিতা ও স্বচ্ছতা বৃদ্ধি করা এবং সেবা গ্রহীতাদের উত্তরণে একটি সুস্পষ্ট দিক-নির্দেশনাসহ শক্তিশালী মনিটরিং ও মূল্যায়ন পদ্ধতি নিশ্চিত করা; ৩. প্রান্তিক, শ্রমজীবী ও নিম্নবিত্ত মানুষ যাতে খেয়ে-পরে বাঁচতে পারে; সে জন্য চাল, ডাল, আটাসহ সকল নিত্যপণ্যের মূল্য কমানোর সুনির্দিষ্ট পদক্ষেপ গ্রহণ করা; ৪. ক্ষুদ্র ও প্রান্তিক কৃষকদের সুরক্ষার জন্য জলবায়ু সহনশীল, পরিবেশ বান্ধব কৃষি ব্যবস্থা এবং পারিবারিক কৃষির সাথে সংশ্লিষ্টদের অধিকারকে সমুন্নত রাখা; ৫. মূল্যের স্থিতিশীলতা ধরে রাখতে পাইকারি ও খুচরা উভয় ক্ষেত্রে কঠোরভাবে বাজার তদারকি নিশ্চিত করা; ৬. দ্রব্যমূল্যের বাজার নিয়ন্ত্রণে 'মূল্য কমিশন' গঠনের জরুরী উদ্যোগ গ্রহণ করা; ৭. কৃষকদের অংশগ্রহণ ও তাদের উৎপাদিত পণ্যের ন্যায্যমূল্য নিশ্চিত করা; ৮. সার্বজনিন রেশনীং চালু করার উদ্যোগ গ্রহণ করা; এবং ৯. জেলা ভোক্তা অধিকার সংরক্ষণ ও নিরাপদ খাদ্য কমিটিতে খাদ্য অধিকার সিরাজগঞ্জ জেলা কমিটির সদস্য অন্তর্ভুক্তকরণ।

## লাইভস্টক রিস্ক মিটিগেশন প্রোগ্রামের ভ্যাক্সিনেশন ক্যাম্প



ভ্যাক্সিনেশন ক্যাম্পের অংশ বিশেষ

ন্যাশনাল ডেভেলপমেন্ট প্রোগ্রাম (এনডিপি) এর নিজস্ব অর্থায়নে লাইভস্টক রিস্ক মিটিগেশন প্রোগ্রামটি পরিচালিত হচ্ছে। সিরাজগঞ্জ, নাটোর, জামালপুর ও পাবনার জেলার ১২টি উপজেলায় এনডিপি ঋণ সহায়তা কর্মসূচির ৩১টি শাখায় নিয়মিতভাবে কার্যক্রম বাস্তবায়ন করছে। যার মধ্যে খামারীদের প্রশিক্ষন প্রদান, ভ্যাক্সিনেশন ক্যাম্প আয়োজন, গবাদী প্রাণি সুরক্ষা সেবা গঠনসহ বিভিন্ন সেবামূলক কার্যক্রম অন্যতম।

ধারাবাহিক এ কার্যক্রমের অংশ হিসেবে ৯ই অক্টোবর ২০২৩, এনডিপি'র ঋণ সহায়তা কর্মসূচির বাগবাটি শাখার আওতাভুক্ত ধলডোব গ্রামে গবাদি প্রাণির ভ্যাক্সিনেশন ক্যাম্প আয়োজন করা হয়। গবাদি প্রাণির মৃত্যুহার হ্রাস ও সংক্রামক ব্যাধি থেকে ঝুঁকি হ্রাস করণের লক্ষ্যে কর্মসূচির নিয়মিত কার্যক্রমের অংশ হিসেবে ১৪০টি ছাগলকে পিপিআর রোগের ভ্যাক্সিন প্রদান করা হয়। টিকা প্রাপ্তিতে সার্বিক সহযোগিতা করেন সিরাজগঞ্জ সদর উপজেলা প্রাণি সম্পদ কার্যালয়।

এনডিপি বার্তা
অক্টোবর-ডিসেম্বর, ২০২৩। সংখ্যা ৩৮। বর্ষ ১৫

## কুড়িগ্রামে ব্রাজ প্রকল্পের কার্যক্রম পরিদর্শন



প্রকল্পে অংশগ্রহণকারীদের সাথে ডব্লিউএফপি'র প্রতিনিধি দল

জাতি সংঘ বিশ্ব খাদ্য কর্মসূচির সহযোগিতায় বাস্তবায়িত বিল্ডিং রেজিলিয়েন্স টু এ্যচিভ জিরো হাঙ্গার (ব্রাজ) প্রকল্পের কার্যক্রম পরিদর্শন করেছেন উন্নয়ন সহযোগী সংস্থা জাতি সংঘ বিশ্ব খাদ্য কর্মসূচি'র (ডব্লিউএফপি) এর একটি প্রতিনিধি দল। প্রকল্পটি কোরিয়া ইন্টারন্যাশনাল কো-অপারেশন এজেন্সি (কোইকা) এর আর্থিক ও ডব্লিউএফপি এর কারিগরি সহযোগিতায় কুড়িগ্রাম জেলার উলিপুর উপজেলার সাহেবের আলগা ও চিলমারী উপজেলাধীন রানীগঞ্জ ও অষ্টোমিরচর ইউনিয়নে ২০২০ সাল থেকে বাস্তবায়ন করছে দেশের অন্যতম বেসরকারী উন্নয়ন সংস্থা ন্যাশনাল ডেভেলপমেন্ট প্রোগ্রাম (এনডিপি)। মূলত প্রকল্পের ধারাবাহিক কার্যক্রমের অংশ হিসেবে ১৬ অক্টোবর ২০২৩, কার্যক্রম পরিদর্শনসহ সরকারের বিভিন্ন দপ্তরের সাথে মতবিনিময় করেন উন্নয়ন সহযোগী সংস্থার প্রতিনিধি দলটি। এসময় জাতিসংঘের বিশ্ব খাদ্য কর্মসূচি'র (ডব্লিউএফপি) এর ইতালিয়ান প্রতিনিধি নাফিয়া চৌধুরী এর নেতৃত্বে ডব্লিউএফপি'র প্রোগ্রামার (সিআরআই) কামরুল হাসান এবং প্রোগ্রাম এসোসিয়েট ও প্রকল্প ফোকাল পার্সন সাদেক আলী উপস্থিত ছিলেন। প্রতিনিধি দলটি চিলমারী উপজেলাধীন রানীগঞ্জ ইউনিয়ন পরিষদ চেয়ারম্যান, পরিষদ সচিব ও ইউপি সদস্যদের সঙ্গে প্রকল্পের বর্তমান অবস্থা ও ভবিষ্যৎ করনীয় সম্পর্কে আলোচনা করেন। পরবর্তীতে চিলমারী উপজেলা প্রশাসনের উপজেলা নির্বাহী কর্মকর্তা মোঃ রাফিউল আলম, প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা মোশারফ হোসেন, প্রকল্প সাব-এসিস্টেন্ট প্রকৌশলী আতিক হাসান, উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা সোহেলী আক্তার ও রানীগঞ্জ ইউনিয়নের সামাজিক নিরাপত্তা কর্মসূচির আওতায় জড়িত মহিলা ও নিরাপত্তা বঞ্চিত পরিবার প্রধানদের নিয়ে ফোকাস গ্রুপ ডিসকাশন করেন। এসময় ব্রাজ প্রকল্পের ব্যবসায় উন্নয়ন কর্মকর্তা মোঃ আবদুস ছালাম সরকার উপস্থিত থেকে প্রতিনিধি দলটিকে সার্বিক সহযোগিতা করেন।

## মা ও শিশু সহায়তা কর্মসূচির রিসোর্সপুল সদস্যদের প্রশিক্ষণ



প্রশিক্ষণে উপস্থিত আছেন মহিলা বিষয়ক অধিদপ্তর এর উপপরিচালক ফাতেমা জহুরা

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের মহিলা বিষয়ক অধিপ্তর এর আওতায় বাস্তবায়িত মা ও শিশু সহায়তা কর্মসূচির আওতাধীন ওয়ার্ড রিসোর্সপুল সদস্যদের প্রশিক্ষণ প্রদান করা হয়েছে। মহিলা বিষয়ক অধিপ্তর প্রদত্ত মডিউল-০১ এর উপর এ প্রশিক্ষণ প্রদান করা হয়। ২০ ও ২১ ডিসেম্বর ২০২৩, ঢাকাস্থ মিরপুর এলাকায় অবস্থিত এনডিপি'র প্রকল্পে অফিসের কনফারেন্স হলে এ আয়োজন করা হয়। প্রশিক্ষণে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন ফাতেমা জহুরা, উপপরিচালক, মাহিলা বিষয়ক অধিদপ্তর, লালমাটিয়া, ঢাকা। এসময় প্রধান অতিথির বক্তব্যে তিনি সরকারী বিভিন্ন দপ্তরের রিসোর্সপুল সদস্যদেরসহ আয়োজক ন্যাশনাল ডেভেলপমেন্ট প্রোগ্রাম (এনডিপি) কে ধন্যবাদ জানিয়ে উনার স্বাগত বক্তব্য শুরু করেন। তিনি বলেন- রিসোর্সপুলের সদস্যগন দুইদিন প্রশিক্ষনের মাধ্যমে প্রশিক্ষণের বিভিন্ন দিক শেখাসহ মডিউল-১ এর বিভিন্ন অধিবেশন সম্পর্কে বিস্তারিত জানতে পারবেন। সেই সাথে সরকারের যে উদ্দেশ্যে এই প্রকল্প গ্রহণ করেছেন সেই উদ্দেশ্য বাস্তবায়নে সহযোগী হবেন। তিনি আরও বলেন- এই প্রশিক্ষণের মাধ্যমে রিসোর্সপুল সদস্যদের কারিগরি জ্ঞান বৃদ্ধির পাশাপাশি ভাতাভোগীদের কার্যকর প্রশিক্ষণ প্রদানে সহযোগী হবে।

মূলত শিশুর জীবনের প্রথম ১০০০ দিনে শিশুর পুষ্টির যে গুরুত্ব রয়েছে এবং পুষ্টির সাথে শিশুর বুদ্ধিবৃত্তিক বিকাশের যে বিশেষ যোগসূত্র রয়েছে তা জাতীয় সামাজিক সুরক্ষা কৌশল-২০১৫ তে বিশেষভাবে উল্লেখ রয়েছে। মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রণালয় মহিলা ও শিশুদের অপুষ্টি হ্রাস করতে এবং তাদের সুস্থতার উন্নয়নে অঙ্গীকারবদ্ধ। এরই পরিপ্রেক্ষিতে গর্ভবর্তী ও দুগ্ধদানকারী মায়েদের পুষ্টি এবং চার বছর বয়স পর্যন্ত শিশুদের সার্বিক বিকাশে মা ও শিশু সহায়তা কর্মসূচির আওতায় প্রশিক্ষণের মাধ্যমে মায়েদের জ্ঞানের পরিধি বৃদ্ধিতে এবং তাদের আচরণগত পরিবর্তন আনতে বিশেষ এ উদ্যোগ গ্রহণ করা হয়। অনুষ্ঠান সঞ্চালনা করেন মা ও শিশু সহায়তা কর্মসূচির ব্যবস্থাপক তনুশ্রী মানজি। এসময় এনডিপি'র উপ-পচিালক (এডভোকেসি, কমিউনিকেশন এবং রিসোর্স মোবিলাইজেশন) চৌধুরী মোঃ খালিদ হোসেন এরশাদসহ ০৭জন রিসোর্সপুল সদস্য অংশগ্রহণ করেন।

## পাবনায় সমৃদ্ধি কর্মসূচি'র ছানি অপারেশন ক্যাম্প



ছানি অপারেশন ক্যাম্পের অংশ বিশেষ

পল্লী কর্ম-সহায়ক ফাউন্ডেশন (পিকেএসএফ) এর অর্থায়নে বাস্তবায়িত সম্বৃদ্ধি কর্মসূচি'র উদ্যোগে চক্ষু ছানি অপারেশন ক্যাম্পের আয়োজন করা হয়। ১৩ নভেম্বর ২০২৩, পাবনা জেলার বেড়া উপজেলার চাকলা ইউনিয়নে সমৃদ্ধি কর্মসূচির উদ্যোগে এ আয়োজন করা হয়।

আয়োজিত ক্যাম্পটির মাধ্যমে ইউনিয়নের দৃষ্টি শক্তি হারানো ২৭ জন অবহেলিত দরিদ্র, বৃদ্ধ, প্রতিবন্ধী নারী ও পুরুষ বিনামূল্যে ছানি অপারেশনের সুবিধা প্রাপ্ত হয়। অপারেশন সম্পন্ন করেন পাবনা জেলার সাঁথিয়া বিএনএসবি চক্ষু হাসপাতালের পরিচালক ও সিনিয়র কনসালটেন্ট ডা. মো. নাজমুল হক। এসময় ক্যাম্পে উপস্থিত ছিলেন সমৃদ্ধি কর্মসূচির সমন্বয়কারী চিন্ময় কুমার রায়, ঋণ সহায়তা কর্মসূচির আঞ্চলিক ব্যবস্থাক মো. রেজাউল করিম, শাখা ব্যবস্থাপক মো. জাহাঙ্গীর হোসেন, স্বাস্থ্য কর্মকর্তা মোছা. আদুরী খাতুনসহ অন্যান্য কর্মকর্তাবৃন্দ।

উল্লেখ্য চাকলা ইউনিয়নে অন্ধত্ব দূরিকরণে এখন পর্যন্ত মোট ২৪১ জন রোগীর ছানি অপারেশন করা হয়েছে। একইসাথে কর্মসূচির উদ্যোগে বিভিন্ন সময় বিনামূল্যে স্বাস্থ্যসেবা প্রদানের আয়োজন করা হয়ে থাকে। যার মাধ্যমে অসহায় দুস্থ মানুষ খুব সহজেই উন্নত চিকিৎসার মাধ্যমে তাদের স্বাস্থ্যসেবা নিশ্চিত করতে সক্ষম হচ্ছেন।

# এনডিপি বার্তা

NDP

অক্টোবর-ডিসেম্বর, ২০২৩। সংখ্যা ৩৮। বর্ষ ১৫


## এমআরএ কর্তৃক এনডিপি'র কর্মকর্তাদের প্রশিক্ষণ প্রদান



সনদ তুলে দিচ্ছেন এমআরএ এর নির্বাহী পরিচালক মুহাম্মদ মাজেদুল হক

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের অর্থ মন্ত্রণায়ের আওতাধীন মাইক্রোক্রেডিট রেগুলেটরী অথরিটি (এমআরএ) কর্তৃক ন্যাশনাল ডেভেলপমেন্ট প্রোগ্রাম (এনডিপি) এর কর্মকর্তাদের ০২ দিনের প্রশিক্ষণ প্রদান করেছেন। ১ ও ২ ডিসেম্বর, এনডিপি'র প্রধান কার্যালয়ের প্রশিক্ষণ কেন্দ্রে এ আয়োজন করা হয়। ''ক্ষুদ্র অর্থায়ন কার্যক্রম পরিচালনা ও ব্যবস্থাপনা'' শীর্ষক প্রশিক্ষণের সমাপনী অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন মাইক্রোক্রেডিট রেগুলেটরী অথরিটি (এমআরএ) এর নির্বাহী পরিচালক মুহাম্মদ মাজেদুল হক। এসময় তিনি এনডিপি কর্তৃক বাস্তবায়িত প্রকল্পসমূহ ও ঋণ সহায়তা কর্মসূচির সফলতা নিয়ে আলোচনা করেন এবং পর্যায়ক্রমে এ ধরনের প্রশিক্ষণ এমআরএ এর আওতাধীন সকল সংস্থাদের প্রদান করা হবে বলে উল্লেখ করেন। প্রশিক্ষণে এমআরএ এর পরিচালক মো. নূরে আলম মেহেদী ও সিনিয়র সহকারী পরিচালক সুমন চাকমাসহ এনডিপি'র পরিচালক (কর্মসূচি) মোহা. শাহ্ আজাদ ইকবাল, পরিচালক (অর্থ ও হিসাব) মিলন কুমার রায় ও সহাকরী পরিচালক (সিএসপি) মো. সাইফুল ইসলাম উপস্থিত ছিলেন। দুই দিনের এ প্রশিক্ষণে সিআইবি পর্যালোচনা, ন্যাশনাল ডেটাবেজ ও তথ্য প্রদান ব্যবস্থাপনা, মানি লন্ডারিং প্রতিরোধ ব্যবস্থাপনা, এমআরএ আইন ২০০৬ ও বিধিমালা ২০১০, সিটিজেন চার্টার ও অভিযোগ প্রতিকার ব্যবস্থাপনা, ক্ষুদ্রঋণ প্রতিষ্ঠানে মানবসম্পদ ব্যবস্থাপনার গুরুত্ব, জাতীয় শুদ্ধাচার চর্চা, আর্থিক প্রতিবেদন বিশ্লেষন, এমআরএ কর্তৃক জারিকৃত সার্কুলার, ক্ষুদ্রঋণ প্রতিষ্ঠানের তহবিল ও ঝুঁকি ব্যবস্থাপনা সম্পর্কে বিস্তারিত আলোচনা করা হয়। এতে এনডিপি'র ঋণ সহায়তা কর্মসূচির ২ জন সহকারী পরিচালক, ৫ জন জোনাল ম্যানেজার, ২০ জন এরিয়া ম্যানেজার, মানব সম্পদ ও প্রশাসনের বিভাগের সহকারী পরিচালক, প্রশিক্ষণ বিভাগের ব্যবস্থাকসহ এনডিপি'র ৩১ জন কর্মকর্তা অংশগ্রহণ করেন। প্রশিক্ষণ পরবর্তীতে সকল অংশগ্রহণকারীদের মাঝে সনদ বিতরণ করা হয়।


### কনফারেন্স রুম ও ট্রেনিং রুম ভাড়া

- সভা কক্ষ (এসি) : ৮,০০০.০০ টাকা
- প্রশিক্ষণ কক্ষ (এসি) : ৪,০০০.০০ টাকা

### ডরমেটরী

| | | | |
|---|---|---|---|
| সুপার ডিলাক্স | : | ৪,৫০০.০০ | টাকা (কুইন বেড) |
| ডিলাক্স (এসি) কক্ষ | : | ২,০০০.০০ | টাকা (ডাবল বেড) |
| লাক্সারি (এসি) কক্ষ | : | ১,৫০০.০০ | টাকা (সিঙ্গেল বেড) |
| এসি (ভিআইপি) কক্ষ | : | ১,২০০.০০ | টাকা (ডাবল বেড) |
| সাধারণ কক্ষ (নন এসি) | : | ৬০০.০০ | টাকা (ডাবল বেড) |

### খাবারের মূল্য তালিকা

| | |
|---|---|
| সকালের নাস্তা | : ৭০ টাকা (রুটি/পরটা/খিচুড়ি, মিক্সড ভেজিটেবল/ডাল, ডিম ও চা) |
| লাঞ্চ/ডিনার | : (১৯০ টাকা প্লেন রাইস, চিকেন/মাটন/ফিস, মিক্সড ভেজিটেবল এবং ল্যান্টল সুপ) |
| নাস্তা | : ৩০ টাকা (সিঙ্গারা/সামুচা, কেক ও চা) |
| চা | : ১০ টাকা (প্রতি কাপ) |
| কফি | : ৩০ টাকা (প্রতি কাপ) |
| কোমল পানীয় | : ৬০ টাকা (২৫০ মিলি ক্যান)/ ৩০ টাকা (২৫০ মিলি বোতল) |
| দই | : ৪৫ টাকা (১০০ গ্রাম) |
| মিনারেল ওয়াটার: | ২০ টাকা (৫০০ মিলি বোতল) |

### বুকিং সুবিধা ঃ

প্রশিক্ষণ সুবিধার জন্য ১৫ দিন আগে বুকিং করা যায়। লিখিত বুকিং অগ্রাধিকার দেওয়া হয়। ই- মেইলএ যোগাযোগ করা যেতে পারে। বুকিং বাতিল করতে ন্যূনতম ৭ দিন আগে জানাতে হবে।

### অন্যান্য সুবিধা ঃ

- কম্পিউটার / ল্যাপটপ
- মাল্টিমিডিয়া প্রোজেক্টর
- সাউন্ড সিস্টেম
- ইন্টারনেট
- টেলিফোন
- ফটোকপি ও বাইন্ডিং
- গাড়ি ভাড়া

সরকারি বিধি মোতাবেক ভ্যাট ও সার্ভিস চার্জ যুক্ত হবে।
আলোচনা সাপেক্ষে যে কোন স্পেশাল ডিস সার্ভ করা হয়।

### ডাইনিং সুবিধা

৯০ জন গেষ্ট ধারণ ক্ষমতা সম্পন্ন একটি সুসজ্জিত ডাইনিং রুম এবং ৩৬ জন গেষ্ট ধারণ ক্ষমতা সম্পন্ন শীতাতপ নিয়ন্ত্রিত একটি ডাইনিং রুম।

### যোগাযোগ ঃ

ব্যবস্থাপক (প্রশিক্ষণ কেন্দ্র)

এনডিপি প্রধান কার্যালয়, বাগবাড়ি, শহীদ নগর, কামারখন্দ, সিরাজগঞ্জ-৬৭০৩

টেলিফোন: ০৯৬৩৯১০০৬০০, মোবাইল ঃ ০১৭১৩-৩৮৩১০৬

ই-মেইল: tcm@ndpbd.org | ওয়েবসাইট :www.ndpbd.org